গাজায় এক হাজারের বেশি মসজিদ ধ্বংস

সারে-জমিন

'ইউসুফ পাঠান'কে প্রার্থী নর্দমায় নামাতে: অধীর

রূপসী বাংলা

ধনী বিশ্বে জন্মহার কেন কমছে?

সম্পাদকীয়

সন্দেশখালি নিয়ে মিথ্যে বলছেন মোদিজি: ফিরহাদ

সাধারণ

আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

সোমবার
১১ মার্চ, ২০২৪
২৭ ফাল্গুন ১৪৩০
২৯ শাবান, ১৪৪৫ হিজরি
সম্পাদক
জাইদুল হক

আবারও তিন সংস্করণে এক নম্বর স্থানে ভারত

খেলতে খেলতে

Vol.: 19 ■ Issue: 69 ■ Daily APONZONE ■ 11 March 2024 ■ Monday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php

প্রথম নজর

মনোনয়ন প্রত্যাহারের আগে জোট হতে পারে, আশায় কংগ্রেস

আপনজন ডেস্ক: পশ্চিমবঙ্গের সমস্ত লোকসভা আসনে তৃণমূল কংগ্রেসের প্রার্থী ঘোষণার পরপরই কংগ্রেস রবিবার বলেছে যে মনোনয়ন প্রত্যাহার না হওয়া পর্যন্ত জোটের জন্য তাদের দরজা খোলা রয়েছে এবং বলেছে যে কোনও চুক্তি আলোচনার মাধ্যমে চূড়ান্ত করতে হবে, একতরফা ঘোষণার মাধ্যমে নয়।
কলকাতায় লোকসভা নির্বাচনের জন্য ৪২ জন প্রার্থীর নাম ঘোষণা করলেন তৃণমূল সুপ্রিমো তথা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে বলেন, "আমাদের দরজা সবসময় খোলা এবং প্রত্যাহারের আগে যে কোনও সময় জোট হতে পারে। কংগ্রেসের সাধারণ সম্পাদক জয়রাম রমেশও বলেছেন, ভারতীয় জাতীয় কংগ্রেস বারবার পশ্চিমবঙ্গে তৃণমূলের সঙ্গে সম্মানজনক আসন সমঝোতার ইচ্ছা প্রকাশ করেছে।
"ভারতীয় জাতীয় কংগ্রেস সর্বদা বলে এসেছে যে এই জাতীয় চুক্তি আলোচনার মাধ্যমে চূড়ান্ত করতে হবে এবং একতরফা ঘোষণার মাধ্যমে নয়," তিনি এক্স-এ একটি পোস্টে বলেছিলেন।
তিনি বলেন, ভারতীয় জাতীয় কংগ্রেস বরাবরই চেয়েছে ভারতীয় গোষ্ঠী একসঙ্গে বিজেপির বিরুদ্ধে লড়ুক।

'ইন্ডিয়া'কে বিদায় জানিয়ে ৪২ আসনে প্রার্থী তৃণমূলের

এম মেহেদী সানি ● কলকাতা

আপনজন: রবিবার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডের জনগর্জন সভায় তৃণমূল সভানেত্রী ও রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, তৃণমূল কংগ্রেস এখানে একা লড়বে। দেশ কোন পথে চলবে তৃণমূল কংগ্রেস ঠিক করবে। প্রসঙ্গত, বিজেপি বিরোধী 'ইন্ডিয়া' জোটের অন্যতম শরিক দল হল তৃণমূল কংগ্রেস। কিন্তু কংগ্রেস ও অন্য দলের সঙ্গে সমঝোতা না হওয়ায় রাজ্যে তৃণমূল একাই লড়বে বলে ঘোষণা করেছেন দলীয় সভানেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ব্রিগেডে অনেক সমাবেশ দেখেছে কলকাতা। রাজনৈতিক ব্রিগেড তো বটেই গীতাপাঠের ব্রিগেডও দেখেছে। দেশের প্রায় সব প্রধানমন্ত্রীই সভা করেছেন এই ময়দানে। কিন্তু এমন চেহারার মঞ্চ অতীতে দেখা যায়নি। আবার প্রার্থিতালিকা ঘোষণার পরেই সেই মঞ্চে তৈরি ব্যাম্পে টিকিট প্রাপকদের 'ব্যাম্প ওয়াক'ও দেখেনি বাংলা তথা গোটা দেশ। রবিবার এক অন্য ব্রিগেড দেখাল তৃণমূল। অতীতে তৃণমূলও এ ভাবে নির্বাচন ঘোষণার আগে একসঙ্গে সব আসনের প্রার্থী তালিকা ঘোষণা করেনি। তাই অনেক কিছুই নতুন দেখালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আরও স্পষ্ট করে বললে, তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক। কারণ, এই সভা আয়োজনের প্রধান দায়িত্বেই ছিলেন তিনি। তাই তৃণমূল সুপ্রিমো বলেন, আমার বক্তব্য শেষ হওয়ার পর ৪২ টি আসনে ৪২ জন প্রার্থীর সঙ্গে ব্যাম্প ধরে হাঁটব। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে নাম পাঠ করতে বলেন দলের সভাপতি ও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এরপর অভিষেক বন্দ্যোপাধ্যায় বাংলার ৪২ জন তৃণমূল প্রার্থীর নাম ঘোষণা করেন। তৃণমূল ২৬ জন নতুন প্রার্থী দিয়েছেন এবং তালিকার ১২ জন রাজ্যের মন্ত্রী-সহ বিধানসভার সদস্য। অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, বাংলায় সর্বত্র তৃণমূল কংগ্রেস প্রার্থীদের জয়ী করুন। ২০১৪ সালে আপনারা ৩৪ জনকে জিতিয়ে এমপি করে দিল্লিতে পাঠিয়েছিলেন। নরেন্দ্র মোদী হয়ত প্রধানমন্ত্রী হয়েছিলেন। কিন্তু গায়ের জোরে গাজোয়ারি করে বাংলার দশ পয়সাও আটকে রাখতে পারেনি। পরবর্তীতে ২০১৯ সালে আপনারা ১৮ জন এমপি বিজেপিকে উপহার দিয়েছিলেন, এর পরদিন থেকে বাংলার মানুষের জল, কল, রাস্তা, ১০০ দিনের কাজের প্রকল্পসহ সব টাকা বন্ধ! সুতরাং, এটা প্রতিষ্ঠিত যে বিজেপি জিতলে আপনি আপনার অধিকার থেকে বঞ্চিত হবেন। তৃণমূল জিতলে আপনার অধিকার আপনি পাবেন। তাই অধিকারের পক্ষে আগামীদিনের ভোট। এটা নির্বাচিত করার ভোট নয়। এটা প্রতিবাদের ভোট, প্রতিশোধের ভোট, প্রতিরোধের ভোট। বিজেপিকে উৎখাত করে বাংলা ছাড়া করার ভোট। বাংলা বিরোধীদের ঝেটিয়ে বিদায় করার ভোট। আজকের ব্রিগেড সমাবেশে বাংলার মানুষ তা প্রমাণ করে দিয়েছে।' নুসরত জাহান ও মিমি চক্রবর্তী বাদ পড়েছেন তৃণমূলের প্রার্থী তালিকা থেকে। প্রাক্তন ক্রিকেটার ইউসুফ পাঠানকে বহরমপুর আসনে প্রার্থী করে চমক দিয়েছেন। অন্য তিন অভিনেতা সায়নী ঘোষ, জুন মালিয়া ও রচনা বন্দ্যোপাধ্যায়ের নাম রয়েছে প্রার্থীদের তালিকায়। মিমি লোকসভা কেন্দ্র থেকে ইস্তফা দিয়ে ঘোষণা করেছিলেন যে তিনি প্রতিদ্বন্দ্বিতা করতে চান না। আর বসিরহাটের তৃণমূল নেতৃত্ব নুসরতের উপর অসন্তুষ্ট ছিল, বিশেষত তার জীবন পছন্দ নিয়ে। তাই তাদেরকে বাদ দেওয়া হয়েছে। বর্তমান সাংসদদের মধ্যে বাদ পড়েছেন আরামবাগের অপরূপা পোদ্দার ওরফে আফরিন আলি, মথুরাপুরের চৌধুরী মোহন জাটুয়াও। ২০১৯-এর লোকসভা ভোটে আরামবাগ আসনটি এক হাজারের কিছু কম ভোটে ধরে রাখতে পেরেছিল তৃণমূল। সৌগত রায়, সুদীপ বন্দ্যোপাধ্যায়, কাকলি ঘোষ দস্তিদার, কল্যাণ বন্দ্যোপাধ্যায়, শতাব্দী রায়ের মতো তৃণমূল সাংসদদের ধরে রাখা হয়েছে। অন্যদিকে, অর্জুন সিং, যিনি তৃণমূল ছেড়ে বিজেপির টিকিটে ব্যারাকপুর আসন থেকে জিতেছিলেন এবং পরে আবার তৃণমূলে ফিরে এসেছিলেন, তাকে বাদ দিয়ে অভিষেকের দলের সদস্য রাজ্যের মন্ত্রী পার্থ ভৌমিককে প্রার্থী করা হয়েছিল। অভিনেতা দেব ঘাটাল থেকে তৃতীয়বারের জন্য প্রার্থী হবেন। মহুয়া মৈত্রকে কৃষ্ণনগর থেকে পুনরায় মনোনীত করা হয়েছে। বনগাঁ, রায়গঞ্জ এবং রানাঘাট থেকে বিজেপির তিন দলবদলকারী বিশ্বজিৎ দাস, কৃষ্ণা কল্যাণী এবং মুকুটমণি অধিকারীকে (যারা মাত্র দু'দিন আগে তৃণমূলে যোগ দিয়েছেন) প্রার্থী করা হয়েছে। বিষ্ণুপুরে বিজেপি সাংসদ সৌমিত্র খাঁর প্রাক্তন স্ত্রী সুজাতা মণ্ডলকে প্রার্থী করেছেন মমতা।
এ প্রসঙ্গে মমতা বলেন, আমাদের কিছু লোককে বাদ দিতে হয়েছে। আগামী বিধানসভা নির্বাচনের সময় বা যে কোনও সাংগঠনিক ভূমিকায় আমরা তাদের জায়গা দেওয়ার চেষ্টা করব।

প্রার্থী ক্রিকেটার ইউসুফ পাঠান, গবেষক রাইহান

গত বারের থেকে মুসলিম প্রার্থী কমে গেল তৃণমূলের

সুলেখা নাজনিন ● কলকাতা

আপনজন: ২০২৪-এর লোকসভা নির্বাচনে রাজ্যের ৪২ টি আসনে প্রার্থী ঘোষণা করে রবিবার চমক দিয়েছেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। একই দিনে এবং জনসমাবেশে এভাবে প্রার্থী ঘোষণা তৃণমূলের ইতিহাসে এই প্রথম। সেই সঙ্গে রমজানের ঠিক প্রাককালে এই ৪২ আসনের মধ্যে ছটি আসনে মুসলিমদেরকে প্রর্থী করেছেন। তবে ২০১৯ লোকসভা নির্বাচনে তৃণমূল সাতজন মুসলিম প্রার্থী দিলেও এবার কমিয়ে করে দেওয়া হল ছজন। যে ছজন মুসলিমকে লোকসভা নির্বাচনে প্রার্থী করেছে তৃণমূল কংগ্রেস তারা হলেন, মালদহ দক্ষিণ আসনে শাহনওয়াজ আলি রাইহান, জঙ্গিপুর আসনে খলিলুর রহমান, বহরমপুর আসনে ইউসুফ পাঠান (প্রখ্যাত ক্রিকেটার), মুর্শিদাবাদ আসনে আবু তাহের খান, বসিরহাট আসনে হাজী নুরুল ইসলাম এবং উলুবেড়িয়া আসনে সাজদা আহমেদ।
তবে চমকের মধ্যে অন্যতম হলেন প্রাক্তন তারকা ক্রিকেটার ইউসুফ পাঠান এবং অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের গবেষক তথা ছাত্র সংগঠন স্টুডেন্ট ইসলামিক অর্গানাইজেশনের প্রাক্তনী শাহনওয়াজ আলি রাইহান। প্রধামনন্ত্রী নরেন্দ্র মোদির রাজ্য গুজরাতের বরোদার বাসিন্দা ইউসুফ পাঠানকে ৬৭ শতাংশ মুসলিম ভোটার সম্বলিত বহরমপুর কেন্দ্রে তৃণমূল প্রার্থী করে প্রদেশ কংগ্রেস সভাপতি তথা বহরমপুরের বর্তমান সাংসদ অধীর রঞ্জন চৌধুরিকে চ্যালেঞ্জের মুখে ফেলে দিয়েছে। যদিও কিছুদিন আগে অধীর যে কোনও ধরনের চ্যালেঞ্জের মোকাবিলা করতে প্রস্তুত বলে জানিয়েছিলেন। পশ্চিমবঙ্গে কংগ্রেসের সঙ্গে নির্বাচনী সমঝোতাকে বাই বাই জানিয়ে মমতা যে দুটি কংগ্রেসের খাসতালুককে পাখির চোখ করেছেন তার মধ্যে অন্যতম হল এই বহরমপুর। আর অন্যটি হল সাংসদ আবু হাসেম খান চৌধুরি (ডালু)-র কেন্দ্র মালদা দক্ষিণ। কংগ্রেসের শক্ত ঘাঁটি হিসেবে পরিচিত গণি খান চৌধুরির দৌলতে। তারই পরিবারের সুনাম বহন করে তার ভাই আবু হাসেম খান চৌধুরি এখন কংগ্রেস সাংসদ। সুজাপুরের খান পরিবারের সন্তানকে চ্যালেঞ্জ ছুড়ে দিতে মমতা বন্দ্যোপাধ্যায় এবার প্রার্থী করেছেন কালিয়াচকের ভূমিপুত্র অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের তরুণ গবেষক শাহনওয়াজ আলি রাইহানকে। শাহনাওয়াজ আলি রাইহান রাজ্যের মুসলিম তরুণদের কাছে পরিচিত নাম। বিশেষ করে ছাত্র সংগঠন স্টুডেন্ট ইসলামিক অর্গানাইজেশনের দায়িত্বে থাকাকালীন মুসলিম তরুণ সমাজের শিক্ষার উন্নতির লক্ষ্যে তার সক্রিয়তা ছিল প্রশংসনীয়। দিল্লির জামিয়া মিলিয়া ইসলামিয়ার প্রাক্তনী শাহনওয়াজ আলি রাইহান প্রাবন্ধিক হিসেবেও সুপ্রতিষ্ঠিত। রাইহানকে এবার লড়তে হবে গণি পরিবারের সন্তানের সঙ্গে। বরাবর সোশ্যাল মিডিয়ায় সোচ্চার শাহনওয়াজ আলি রাইহান বেশ কিছুদিন ধরে বিজেপির বিরোধী নানা পোস্ট করছিলেন। আর সেই আহ্বান জানাচ্ছিলেন রাজ্যে বিজেপিকে হারানোর জন্য। তাই তাকে একসময় তৃণমূলের চরম সমালোচনা করে গেলেও বর্তমান প্রেক্ষাপটে নজিরবিহীনভাবে তৃণমূলকে সমর্থনের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। তারপরই তার জীবনে তৃণমূলের হয়ে প্রার্থী হওয়ার সুযোগ মিলল। অন্যদিকে, ইউসুফ পাঠান তাকে প্রার্থী করায় সোশ্যাল মিডিয়া জানিয়েছেন, ইউসুফ পাঠান ফেসবুক ওয়ালে লেখেন - আমি চিরকালের জন্য শ্রীমতী @ MamataOfficial এর কৃতজ্ঞ, যিনি আমাকে TMC পরিবারে স্বাগত জানিয়েছেন এবং পার্লামেন্টে জনগণের কণ্ঠস্বর হওয়ার দায়িত্বে আমার প্রতি বিশ্বাস রেখেছেন। জনগণের প্রতিনিধি হিসেবে, দরিদ্র ও বঞ্চিতদের উন্নতি সাধন আমাদের কর্তব্য, এবং আমি আশা করি সেটা অর্জন করতে পারব।

সৌদি আরবে রমজান শুরু আজ, ভারতে সম্ভাবনা মঙ্গলবার থেকে

আপনজন ডেস্ক: সৌদি আরবে পবিত্র রমজান মাসের চাঁদ দেখা গেছে রবিবার। ফলে আজ সোমবার থেকে দেশটিতে শুরু হবে মহিমান্বিত রমজান মাস।
রবিবার স্থানীয় সময় সন্ধ্যা ৬টা ১০ মিনিটের দিকে দেশটির আকাশে নতুন চাঁদ দেখা যায়। এর আগে, বিকেল ৫টা ৩০ মিনিট থেকে আনুষ্ঠানিকভাবে চাঁদের খোঁজ শুরু হয়। এ সময় চাঁদ দেখার জন্য খালি চোখের পাশাপাশি অত্যাধুনিক টেলিস্কোপও ব্যবহার করা হয়। সুদাইর নামক একটি অঞ্চলে সবচেয়ে বড় প্রস্তুতি নেওয়া হয়। সেখানে উপস্থিত হন সৌদির প্রধান জ্যোতির্বিদ আব্দুল্লাহ খুদাইরি। বিস্তর মরুভূমিতে মঞ্চ তৈরি করে সেখানে সারি সারি চেয়ার বসানো হয়। ওইস্থান থেকেই চাঁদ দেখার চেষ্টা করা হয়।
এছাড়া তুমাইরেও প্রায় সমান প্রস্তুতি নেয়া হয়। তবে দুপুরের একটু পর সেখানে ধূলিঝড় শুরু হয়। এতে খালি চোখে চাঁদ দেখার বিষয়টি নিয়ে শঙ্কা তৈরি হয়। কিন্তু পরবর্তীতে আবহাওয়া আবার ঠিক হয়ে যায়। সন্ধ্যা ৬টার কিছু আগে প্রধান জ্যোতির্বিদ আব্দুল্লাহ আল খুদারি জানান, 'এমন আবহাওয়ায় সুদাইয়ের মাজমা বিশ্ববিদ্যালয় জ্যোতির্বিদ্যা পর্যবেক্ষণ থেকে রমজানের চাঁদ দেখা সম্ভব নয়।' কিন্তু পরবর্তীতে চাঁদের দেখে মেলে। এরপর পবিত্র কাবাভিত্তিক ফেসবুক পেজ 'ইনসাইড দ্য হারামাইন' জানায়, মেঘের ঘনত্বের কারণে দেশের কোথাও চাঁদ দেখা সম্ভব হয়নি এবং কোথাও থেকে চাঁদ দেখার তথ্য আসেনি।
অবশেষে সন্ধ্যা ৬টা ১০ মিনিটের দিকে চাঁদ দেখার খবর পাওয়া যায়। তবে রোববার সৌদিতে রমজানের চাঁদ দেখা গেলেও অস্ট্রেলিয়াসহ মধ্য আরো বেশ কয়েকটি মুসলিম দেশে নতুন চাঁদ দেখা যায়নি। অস্ট্রেলিয়া ঘোষণা করেছে যে দেশটিতে শাবান মাস শেষ হবে সোমবার। আর পবিত্র রমজান শুরু হবে মঙ্গলবার থেকে। ভারত সহ পশ্চিমবঙ্গেও মঙ্গলবার থেকে রোজা শুরুর সম্ভাবনা। যদিও তা নির্ভর করছে আজ রমজান মাসের চাঁদ দেখার উপর।

প্রথম নজর

প্রাক্তন ক্রিকেটার কীর্তি আজাদ বর্ধমান দুর্গাপুর

মোল্লা মুয়াজ ইসলাম ● বর্ধমান

আপনজন: বর্ধমান দুর্গাপুর লোকসভা নির্বাচনে ভারতীয় ক্রিকেটের প্রাক্তন অলরাউন্ডার কীর্তি আজাদ কে তৃণমূল কংগ্রেসের পার্থী করে চমক দেখালো । এর আগে বর্ধমান দুর্গাপুর আসনটি বিজেপির কাছে পরাজিত হয়েছিল তৃণমূল কংগ্রেস। সুরেন্দ্র সিং আহলুওয়ালিয়া বিজেপির এমপি ছিলেন। কীর্তি আজাদ ভারতীয় দলের হয়ে সাতটি টেস্ট এবং ২৫ টি একদিনের ম্যাচ খেলেছেন। ১৯৮১ থেকে ১৯৮৬ সাল পর্যন্ত তার ক্রিকেট ক্যারিয়ার। কীর্তিবর্ধন ভগৎ ঝা আজাদ বিহারের পূর্নিয়াতে জন্মগ্রহণ করেন। রাজনীতির ক্যারিয়ার হিসেবে যথেষ্ট উজ্জ্বল। ঝানু এই রাজনীতিবিদ তৃণমূল কংগ্রেসে চমক দেখাবেন বলে অনেকে মনে করছেন। তার বর্ণময় ক্রিকেট ক্যারিয়ার যেমন সাফল্য পেয়েছে রাজনীতির ময়দানেও তিনি সফল হবেন বলে অনেকে মনে করছেন। ভারতের প্রাক্তন ক্রিকেটার এবং কীর্তি আজাদের বিশেষ বন্ধু সেলিম আহমেদ বলেন মমতা ব্যানার্জি যোগ্য লোককে বর্ধমান দুর্গাপুর আসনের প্রার্থী করেছে। কীর্তি আজাদ কখনো হারতে শেখেননি। তিনি হারকে ঘৃণা করেন।

‘মে আই হেল্প ইউ’-কাউন্টার পার্কসার্কাসে

নুরুল ইসলাম খান ● কলকাতা

আপনজন: রবিবার পার্ক সার্কাস সেভেন পয়েন্টে ‘মে আই হেল্প ইউ’-কাউন্টারে বিজলী রহমানের এমসিএসকে সভাপতি বাংলার জনগণকে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে এগিয়ে যেতে সহায়তা করার জন্য ব্যবস্থা করেছিলেন। জন জাগরণ যাত্রা সভার জন্য শিবিরে উপস্থিত ছিলেন ডাঃ এম এ কাসেম, প্রাক্তন এমএল এ, রাজিয়া আহমেদ, মো হামিদ সাহ এবং দক্ষিণ কলকাতা যুবর কামার বক্স প্রমুখ।

উলুবেড়িয়ায় সাজদায় ভরসা ঘাসফুলের

সুরজীৎ আদক ● উলুবেড়িয়া

আপনজন: রবিবার তৃণমূল কংগ্রেসের ঐতিহাসিক বিগ্রেড সমাবেশ থেকে লোকসভার ৪২ টি আসনের প্রার্থীদের নাম ঘোষণা করা হয়।যার মধ্যে হাওড়া দুটি লোকসভা আসনের মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ আসন “উলুবেড়িয়া লোকসভা” সেই আসনে পুনঃরায় রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেসের প্রার্থী মনোনীত হয়েছেন সাজদা আহমেদ।উল্লেখ্য,২০১৮ সালে প্রাক্তন মন্ত্রী সুলতান আহমেদের মৃত্যুর পর উলুবেড়িয়া সংসদীয় আসন ধরে রাখতে, তৃণমূল সুলতান আহমেদের জায়া সাজদা-কে প্রার্থী করে।এবং তিনি নিকটতম বিজেপি প্রার্থী অনুপম মল্লিককে ৪,৭৪,০২৩ ভোটে পরাজিত করেন।এরপর ২০১৯-এর লোকসভা নির্বাচনেও সাজদা-র ওপরই ভরসা রাখে ঘাসফুল।এবং জয়ের ব্যবধানও ছিল ২ লাখেরও বেশি। এবারেও সহজ জয়ের আশাতেই নির্বাচনের দিন গোনা শুরু ঘাসফুল শিবিরের।তবে এই লোকসভা কেন্দ্রের পরিসংখ্যান বলছে, উলুবেড়িয়া লোকসভার অধীনে ৭ টি বিধানসভা, সবকটি জেলা পরিষদের আসন,সবকটি পঞ্চায়েত সমিতি এবং হাতে গোনা দুটি অঞ্চল বাদে সবকটি গ্রাম পঞ্চায়েতও বর্তমানে ঘাসফুলের দখলে।নাম ঘোষণার পরই আবার বিভিন্ন জায়গাতেই সাজদা আহমেদ-এর সমর্থনে দেওয়াল লিখন-ও শুরু করে দিয়েছে তৃণমূল।প্রার্থী ঘোষণা প্রসঙ্গে সাজদা আহমেদ জানিয়েছেন পুনরায় আমাকে দলীয় প্রার্থী হিসেবে মনোনীত করার জন্য দলনেত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়, নেতা শ্রী অভিষেক বন্দ্যোপাধ্যায়কে আমার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।এবং তার সাথে সাথে উলুবেড়িয়া লোকসভার আপামর জনগণের পুনরায় আশীর্বাদ ও দোয়া কামনা করছি।

অনেক তৃণমূল প্রার্থী বাংলা জানেন না: সুজন

শেখ রিয়াজউদ্দিন ও আজিম শেখ ● বীরভূম

আপনজন: ১০০ দিনের টাকা, আবাস যোজনার টাকা সহ বিভিন্ন প্রকল্পের টাকা কেন্দ্র সরকার আটকে রেখে বাংলার মানুষকে বঞ্চিত করছে। এই অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস লাগাতার আন্দোলন কর্মসূচি জারি রেখেছেন। সেই সমস্ত দাবির ভিত্তিতে আজ ১০ ই মার্চ কলকাতায় জনগর্জন সভা নামে এক সভার ডাক দেওয়া হয়। সেখানে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জন বিরোধী নীতি সহ অন্যান্য দিক নিয়ে তীব্র সমালোচনা করেন।পাশাপাশি এদিনের সভা মঞ্চ থেকেই রাজ্যের ৪২ টি লোকসভা আসনেই দলীয় প্রার্থীর নাম ঘোষণা করেন। এদিকে বীরভূমের রামপুরহাট পৌর ময়দানে সিপিআইএম বীরভূম জেলা কমিটির পক্ষ থেকে এক জনজাগরণ সভার ডাক দেওয়া হয়। সেখানে মজুরি, ফসলের ন্যায্য দাম, সকলের হাতে কাজ, শিক্ষা, সম্প্রীতি ও গণতন্ত্র রক্ষার ডাক দেওয়া হয়।এদিনের সভা থেকে আওয়াজ ওঠে,দেশ লুটেরা,রাজ্য লুটেরা, সাম্প্রদায়িক বিজেপি ও বিজেপির সঙ্গী তৃণমূলের বিরুদ্ধে এই জনজাগরণ সভা বলে বক্তাদের বক্তব্য। সভা শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সিপিআইএম রাজ্য কমিটির সদস্য সুজন চক্রবর্তী তৃণমূল কংগ্রেসের প্রার্থী ঘোষণা সম্পর্কে বলেন মুখ্যমন্ত্রী চিৎকার করে জয় বাংলা বললেও কিন্তু বাংলা জানে না ঘোষিত তৃণমূলের প্রার্থী। এছাড়াও অভিযোগ করেন মোদিজীর সাথে আলোচনা করেই এই প্রার্থী তালিকা ঘোষণা করা হয়েছে। বেশির ভাগই বিজেপি থেকে আসা তৃণমূলের প্রার্থী হয়েছে বা স্থান পেয়েছে। শত্রুঘ্ন সিনহা, কীর্তি আজাদ, মুকুটমনি অধিকারী, বিশ্বজিৎ দাস ইত্যাদিদের কথা তুলে ধরেন।তিনি আরও বলেন আমরা মানুষকে এ্যাডভান্টেজ দিতে চায়।

ক্যানিংয়ের ওয়াকফ সম্পত্তিতে ৫০ লক্ষ টাকা ব্যয়ে সীমানা প্রাচীর

নিজস্ব প্রতিবেদক ● ক্যানিং

আপনজন দক্ষিণ চব্বিশ পরগনা জেলার সুন্দরবনের রামামারী গ্রামে শুক্রবার খায়রুন্নিসা বিবি ওয়াকফ এস্টেট সীমানা প্রাচীর নির্মাণ কে কেন্দ্র করে শুক্রবার শুভ উদ্বোধন এবং সংখ্যালঘু শিক্ষা সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। বিশিষ্টদের মধ্যে উপস্থিত ছিলেন রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান সাবেক বিচারপতি আব্দুল গনি, নিকারীঘাটা অঞ্চল সভাপতি বিশ্বনাথ নস্কর ও বিধায়ক পরেশ রাম দাস ,ক্যানিং পশ্চিম নেতৃবৃন্দ, শিক্ষারত্ন নুরনবী জমাদার, শিক্ষাবিদ ও সাংবাদিক আজিজুল হক। সঞ্চালনা করেন শিক্ষক শামসুল আলম মোল্লা। সচেতনতা শিবিরের উদ্যোক্তা শিক্ষক শামসুল আলম মোল্লা জানান, খাইরুন্নেসা বিবি ওয়াকফ স্টেট কে কেন্দ্র করে সাত কিমি ব্যাসার্ধের বৃত্তের মধ্যে কোন উচ্চ মাধ্যমিক স্কুল বা মাদ্রাসা সরকারি কিংবা বেসরকারি কোন কিছু নেই। সুন্দরবনের প্রত্যন্ত এই সংখ্যালঘু উত্তেজিত এই এলাকায় সরকারিভাবে সরকারি উদ্যোগে একটি বিদ্যালয়ের স্থাপনের উদ্দেশ্য এই সচেতনতা শিবির। সেই সঙ্গে এদিন ওয়াকফ স্টেট এর রাজ্যের সংখ্যালঘু দপ্তরের আর্থিক সহায়তায় ৫০ লক্ষ টাকা ব্যয়ে ১৭ বিঘার সীমানা প্রাচীর নির্মাণের শিলান্যাস পর্ব অনুষ্ঠিত হয়। রামমারীর ওয়াকফ সম্পত্তি তে অর্ধ -কোটি টাকা ব্যায়ে সীমানা প্রাচীর সহ রামামারী গ্রামে তিন তিনটি সরকারি প্রকল্পের শুভ উদ্বোধন হয়। ছোট রামামারী খাইরুন্নিসা বিবি ওয়াকফ এস্টেট প্রকল্পের নাম - শেখপাড়া গোরস্থান, রামামারী ঈদগাহ ও মোল্লাপাড়া গোরস্থান। প্রায় পঞ্চাশ লক্ষ টাকা ব্যায়ে খাইরুন্নিসা বিবি ওয়াকফ এস্টেট এর ১৭ বিঘার সম্পূর্ণ সীমানা প্রাচীর নির্মাণ করা হবে । রামামারী খাইরুন্নিসা বিবি ওয়াকফ এস্টে এডুকেশন -হাব শুরু করার উদ্যোগ নেওয়া হবে বলে জানা যায়। ওয়াকফ বোর্ড চেয়ারম্যান গনি সাহেব আশ্বাস দিয়েছেন। বিধায়ক পরেশ রাম দাস ও ব্লক সভাপতি তপন শাহ এই উদ্যোগকে স্বাগত জানান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিক্সাবিদ ও সাংবাদিক আজিজুল হক, আবু হাসেম মোল্লা প্রমুখ।

বহরমপুরে ইউসুফ পাঠান প্রার্থী, জোর চ্যালেঞ্জের মুখে অধীর



সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ

আপনজন: লোকসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষণা হতে কয়েক দিন বাকি। তারা আগেই বিভিন্ন রাজনৈতিক দল নিজেদের প্রার্থী তালিকা প্রকাশ করতে শুরু করেছে। রবিবার তৃণমূল কংগ্রেস ব্রিগেডের সমাবেশ থেকে প্রার্থী তালিকা প্রকাশ করে।
মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর, বহরমপুর ও মুর্শিদাবাদ, তিনটি লোকসভা কেন্দ্রে খলিলুর রহমান, ইউসুফ পাঠান, আবু তাহের খান কে প্রার্থী করেছে তৃণমূল।
অন্যদিকে মুর্শিদাবাদ জেলার উত্তর অংশের ফারাক্কা ও সামশেরগঞ্জ বিধানসভা মালদা দক্ষিণ লোকসভার অন্তর্গত, সেখানে প্রার্থী করা হয়েছে শাহনাওয়াজ আলী রাইহান কে। অর্থাৎ, মুর্শিদাবাদ জেলাজুড়ে তৃণমূলের সংখ্যালঘু প্রার্থী মূল হাতিয়ার।জঙ্গিপুরে ২০১৯ এর লোকসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে তৃণমূল কংগ্রেসের খলিলুর রহমান সাংসদ নির্বাচিত হন।
মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রে আবু তাহের খানকে ২০১৯ এ প্রার্থী করে তৃণমূল। প্রায় ২ লক্ষের অধিক ভোটে কংগ্রেস প্রার্থী আবু হেনা কে পরাজিত করে সাংসদ নির্বাচিত হন তিনি। এবারেও তাকে প্রার্থী করেছে তৃণমূল।
অন্যদিকে হেভিওয়েট কেন্দ্র বহরমপুর থেকে তৃণমূল কংগ্রেস প্রার্থী করেছে ক্রিকেটার ইউসুফ পাঠান কে। বহরমপুর বরাবরই অধীর চৌধুরীর গড় হিসেবে পরিচিত। ‘সেখান থেকে তৃণমূল সংখ্যালঘু ইউসুফ পাঠান কে প্রার্থী করায়, সংখ্যালঘু ভোট কেটে বিজেপিকে সুবিধা করিয়ে দেওয়ার আশঙ্কা প্রকাশ করেছেন বহরমপুরের পাঁচ বারের সাংসদ অধীর চৌধুরী।’ তৃণমূলের সঙ্গে ইন্ডিয়া জোটে আসতে চেয়েছিলেন অধীর, কিন্তু ৪২ কেন্দ্রে তৃণমূল প্রার্থী দেওয়ায় কংগ্রেস বামেদের সঙ্গে হাত মেলানোর পরিকল্পনা করছে বলে রাজনৈতিক মহলে জোর জল্পনা।
মোহাম্মদ সেলিম ভগবানগোলায় জনসভার পরে সাংবাদিকদের বলেন, ‘কংগ্রেসের সাথে আমাদের কথাবার্তা চলছে। দেখা যাক কি হয়।’ মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্র থেকে বামেরা মোহাম্মদ সেলিমকে প্রার্থী করার চিন্তাভাবনা করেছে বলে রাজনৈতিক মহলে চর্চা শুরু হয়েছে।
অন্যদিকে মুর্শিদাবাদ কেন্দ্রে কংগ্রেস প্রার্থী দেবে কিনা, তা নিয়ে এখনো সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

‘ইউসুফ পাঠান’কে নর্দমায় নামাতে প্রার্থী করা হয়েছে, তোপ অধীরের



রঙ্গিলা খাতুন ● বহরমপুর

আপনজন: লোকসভা ভোটে বহরমপুর আসনে অধীর চৌধুরীর বিরুদ্ধে প্রার্থী করা হচ্ছে ইউসুফ পাঠানকে। এছাড়াও রবিবার ব্রিগেডের জনগর্জন সভা থেকে লোকসভা নির্বাচনের প্রার্থী তালিকা ঘোষণা করল তৃণমূল।
মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী আবু তাহের খান, জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী খলিলুর রহমানের নাম ঘোষনা করা হয়। মুর্শিদাবাদের সব চাইতে গুরুত্বপূর্ণ বিষয় হল বহরমপুর লোকসাভা। বহরমপুর থেকে টানা পাঁচবারের জয়ী সাংসদ অধীর চৌধুরী। ১৯৯৯ থেকে ২০১৯ সাল পর্যন্ত টানা এ কেন্দ্রে জয়ী হয়েছেন কংগ্রেসের অধীর। বহরমপুর থেকে টানা পাঁচ বারের সাংসদ হলেন অধীর। ২০১৪ সালে কংগ্রেসের যখন সবচেয়ে খারাপ সময়, তখনও বরহমপুরে ৩ লক্ষেরও বেশি ব্যবধানে জিতেছিলেন তিনি। গত লোকসভা ভোটে মুর্শিদাবাদে অধীরকে হারাতে শুভেন্দু অধিকারীর উপর দায়িত্ব দিয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। শুভেন্দু কংগ্রেস থেকে বিধায়ক ডেভিড তথা অপূর্ব সরকারকে ভাঙিয়ে এনে তাঁকে তৃণমূলের প্রার্থী করেছিলেন। কিন্তু সমস্ত শক্তি উজাড় করে দিয়েও অধীরকে হারাতে পারেননি। অধীর চৌধুরী প্রায় ৯০ হাজার ভোটের ব্যবধানে জিতে যান।
অধীরের দাবি, ইউসুফ পাঠানকে প্রার্থী করা হয়েছে। অথচ তিনি এলাকাও চেনেন না। অধীর বলেন, “যে এলাকা ইউসুফ চেনেন না, যে এলাকার মানুষের সঙ্গে তাঁর কোনও পরিচয় নেই, যেখানকার ভাষা তিনি জানেন না সেখানে তাঁকে এনে আপনি আপনার ফায়দা লোটার চেষ্টা করছেন।” ভালো খেলোয়াড় উল্লেখ করে ইউসুফ পাঠানকে নর্দামায় নামাতে প্রার্থী করা হয়েছে বলে মুখ্যমন্ত্রীকে তোপ দাগেন অধীর চৌধুরী।

জলঙ্গিতে ব্লক যুব কংগ্রেসের কর্মী সম্মেলন থেকে ভোটের প্রচার শুরু

সজিবুল ইসলাম ● ডোমকল

আপনজন: লোকসভা নির্বাচন এখনও ঘোষণা হয়নি তার আগেই নির্বাচনের প্রস্তুতি হিসেবে কর্মী সম্মেলন শুরু করে দিয়েছে একাধিক রাজনৈতিক দল সেই মত এবার মুর্শিদাবাদ জেলার জলঙ্গি ব্লক যুব কংগ্রেসের উদ্যোগে রবিবার দুপুরে সাহেব নগর অঞ্চল দলীয় কার্যালয়ে দলীয় পতাকা উত্তোলন ও শহীদ বেদীতে ফুল ও মাল্য দানের মাধ্যমে কর্মী সম্মেলনের সূচনা করেন ব্লক যুব কংগ্রেসের সভাপতি তৌসিফ জামান। সম্মেলনে উপস্থিত সকল অতিথিদের বরণ করা হয় এদিন।সম্মেলনের মাধ্যমে লোকসভা নির্বাচনের প্রস্তুতি শুরু করে দিলেন এদিন কংগ্রেস। এদিনের সভা মঞ্চে উপস্থিত ছিলেন জেলা যুব কংগ্রেসের সভাপতি তহিদুর রহমান সুমন,রানীনগর বিধান সভার প্রাক্তন বিধায়িকা ফিরোজা বেগম,রাজ্য যুব কংগ্রেসের সাধারণ সম্পাদক ইউসুফ আলী বিশ্বাস,ব্লক যুব কংগ্রেসের সভাপতি তৌসিফ জামান,ব্লক সভাপতি আব্দুর রাজ্জাক মোল্লা,সাহেব নগর গ্রাম পঞ্চায়েত প্রধান ও আকধিক দলীয় জনপ্রতিনিধি সহ সমস্ত অঞ্চল সভাপতি থেকে শুরু করে ব্লক নেতৃত্ব গণ। এদিনের সম্মেলন থেকে সংগঠন নিয়ে আলোচনা করেন সকল নেতৃত্বরা এবং লোকসভা নির্বাচনে ভালো ফল করবেন জাতীয় কংগ্রেস বলেও আশাবাদী কংগ্রেস নেতৃত্বরা।ব্লক যুব কংগ্রেসের সভাপতি সম্মেলনের মাধ্যমে ব্লকের সমস্ত অঞ্চলের যুব সংগঠন এর সম্মন্ধে আলোচনা করেন। লোকসভা নির্বাচনে দলের জন্য প্রার্থীর জন্য কাজ করার কথা ঘোষণা করেন। জেলা যুব কংগ্রেস সভাপতি তহিদুর রহমান সুমন বলেন, কর্মী সম্মেলনের মাধ্যমে আমাদের ব্লক স্তরে ভোটের প্রস্তুতি শুরু করে দিয়েছি । তিনি আরো বলেন বহরমপুর লোকসভা কেন্দ্রে আমাদের নেতা অধীর চৌধুরীর বিরুদ্ধে জেলার কাউকে না পেয়ে অন্য রাজ্য থেকে নিয়ে এসে প্রার্থী করতে হচ্ছে। তাই কংগ্রেস লোকসভা নির্বাচনে ভালো ফল করবে বলেও তিনি জানান। একই ভাবে রানীনগর বিধানসভার প্রাক্তন বিধায়িকা ফিরোজা বেগম বলেন, তৃণমূল ইন্ডিয়া জোটের মুখ নয়। এদিনের সম্মেলনে কর্মী সমর্থকদের ভিড় ছিল চোখে পড়ার মতো।

জৈব চাষ নিয়ে বিশেষ সেমিনার মুক্তি সংস্থার

নিজস্ব প্রতিবেদক ● রায়দিঘি

আপনজন: জয়নগর শিবনাথ শাস্ত্রী সদনে স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, জীবিকা, পরিবেশ, অধিকার এবং বিশেষ চাহিদা, সচেতনতা, সমন্বিত উন্নয়ন, এবং দুর্যোগ পুনরুদ্ধার সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয় সেবচ্ছাসেবী সংস্থা মুক্তির উদ্যোগে। দক্ষিণ ২৪ পরগনা জেলার সুন্দরবনের রায়দিঘি বিধানসভার নগেন্দ্রপুরে বিশিষ্ট সমাজসেবী শংকর হালদারের হাত ধরে মুক্তি নামক একটি সংস্থার প্রতিষ্ঠিতা হয় ২০০৫ সালে। জৈব দিয়ে চাষ, মাছ চাষ মুক্তি কমিউনিটি ডেভেলপমেন্ট ফাউন্ড এর মধ্যে, পশু পাখি পালন, সুন্দরবনের নদী বাঁধ রক্ষায় পরিবেশ বান্ধব উপায়ে নতুন প্রযুক্তি,ঘূর্ণিঝড় প্রতিরোধ আবাসন প্রকল্প, ব্যাপক শিক্ষামূলক কর্মসূচি প্রভাবশালী স্বাস্থ্য উদ্যোগ সহ একাধিক প্রকল্পে কাজ করছে এই স্বেচ্ছাসেবী সংগঠন।

তৃণমূল প্রার্থীর মন্দিরে পুজো, শুরু প্রচার

নকীব উদ্দিন গাজী ● মথুরাপুর

আপনজন: ব্রিগেডে তৃণমূলের জনগর্জন সভা থেকেই ২০২৪ লোকসভা নির্বাচনে ৪২ টি আসনেই তৃণমূলের প্রার্থী তালিকা ঘোষণা করা হয়েছে।
মথুরাপুর লোকসভা কেন্দ্রে তৃণমূলের মনোনীত পার্থী বাপি হালদার।
প্রার্থী তালিকা ঘোষণার পরেই ব্রিগেড সমাবেশ থেকে সোজা গঙ্গা সাগরের কপিলমুনি মন্দিরে পুজো দিতে এলেন মথুরাপুর লোকসভা কেন্দ্রের তৃণমূলের প্রার্থী বাপি হালদার।
গঙ্গা সাগরের কচুবেড়িয়াতে তাঁকে স্বাগত জানায় গঙ্গাসাগর ব্লক তৃণমূল কংগ্রেসের শতাধিক কর্মী সমর্থকেরা।
তারপর কচুবেড়িয়া থেকে তৃণমূলের দলীয় কর্মী সমর্থকদের মিছিলের সঙ্গেই গঙ্গাসাগরের কপিলমুনি মন্দিরে গিয়ে পুজো দেন বাপি হালদার। সঙ্গে ছিলেন সুন্দরবন উন্নয়নমন্ত্রী বঙ্কিমচন্দ্র হাজরা সহ কর্মী সমর্থকরা।

মুস্তাফা সিরাজ সম্মান সৌমেন্দু লাহিড়ীকে

নিজস্ব প্রতিবেদক ● বহরমপুর

আপনজন: সাহিত্যে “সৈয়দ সম্প্রতি মুর্শিদাবাদের জঙ্গীপুর মহকুমার সুতির দফাহাটে এ আর টি এম পাবলিক স্কুলের সভাকক্ষে “নতুন প্রহরী” পত্রিকা পরিচালিত উত্তর মুর্শিদাবাদ সাহিত্য ও সংস্কৃতি চর্চা কেন্দ্রের “২০ তম সাহিত্য সেতু ও গুণীজন সম্মাননা-২০২৪” অনুষ্ঠান জাঁকজমকপূর্ণভাবে অনুষ্ঠিত হল। উপস্থিত ছিলেন আবু রাইহান, সৌরভ হোসেন, কবি তাজিমুর রহমান, অরুণ পাঠক, জুলফিকার আলি, পত্রিকাটির সম্পাদক কবি মোফাক হোসেন সহ দুই বাংলার বিভিন্ন জেলা হতে আগত শতাধিক কবি, সাহিত্যিক, সাংবাদিক ও বিভিন্ন গুণীজন। এই অনুষ্ঠানে কবি সৌমেন্দু লাহিড়ী সহ বিশেষ কয়েকজনকে “সৈয়দ মুস্তাফা সিরাজ সম্মাননা” প্রদান করা হয় এবং কিছুজনকে দেওয়া হয় “ দাদা ঠাকুর সম্মাননা” এবং কিছুজন পান তাঁদের সমাজ সেবায় অবদানের জন্য “নাথুলাল দাস সম্মাননা”।

ছড়িয়ে-ছিটিয়ে

গোয়াল ঘরে আগুন, জোর রক্ষা গরুর

মোহাম্মাদ সানাউল্লা ● লোহাপুর

আপনজন: গোয়াল ঘরে আগুন লেগে প্রায় ৩৫ লক্ষ টাকার ক্ষতিগ্রস্ত পরিবার। রবিবার সন্ধ্যা নাগাদ ঘটনাটি ঘটেছে নলহাটি ২ নম্বর ব্লকের ভবানীপুর গ্রামে। এদিন সন্ধ্যা নাগাদ মশা তাড়ানোর জন্য গোয়াল ঘরে ধোঁয়া দিয়েছিলেন।বাড়ির মালিক সামির হোসেন বেশ কিছুক্ষণ পর লক্ষ্য করেন তার বাড়ির গোয়াল ঘর তীব্র ধোয়ার দাপট নিয়ে দাউ দাউ করে জ্বলছে। সেখানে হালের বলদ সহ ছ’টি গরু ছিল। আগুনের দাপট ও ধোয়ার তীব্রতা দেখে বাড়ির মালিক গরুগুলোকে রক্ষা করার জন্য তৎক্ষণাৎ গোয়াল ঘরে ছুটে যান। গরু গুলোকে রক্ষা করতে গেলে আহত হন গরুর মালিক। ততক্ষণে রামপুরহাট ফায়ার ব্রিগেডকে খবর দিলে ফায়ার ব্রিগেডের একটি ইঞ্জিন এসে আগুন নিয়ন্ত্রনে আনে।তার মধ্যে একটি গরু আগুনে পুড়ে মারা যায়। বাকি পাঁচটি গরু আগুনে গুরুতর আহত হয় বলে পরিবার সূত্রে জানা

হরিহরপাড়ায় পুলিশের বাড়িতে চুরি

রাকিবুল ইসলাম ● হরিহরপাড়া

আপনজন:রাতের অন্ধকারে পুলিশের বাড়িতে চুরির ঘটনায় চাঞ্চল্য। ঘটনাটি ঘটেছে শনিবার রাতে মুর্শিদাবাদের হরিহরপাড়া থানার স্বরুপপুর এলাকায়। ওই পুলিশকর্মীর নাম তন্ময় কুন্ডু। জানা যায় পরিবারের সদস্যদের অনুপস্থিতিতে পুলিশকর্মীর বাড়িতে ঢুকে আলমারি ভেঙে চুরি করে দুষ্কৃতীরা। অভিযোগ গয়না ও নগদ টাকা নিয়ে চম্পট দিয়েছে দুষ্কৃতীরা। এই ঘটনায় কোনও পরিচিত ব্যাক্তিরা জড়িত আছে বলে দাবি করেছে ওই পুলিশকর্মীর পরিবার। জানা যায় বাড়ির মালিক তন্ময় কুন্ডু তিনি মুর্শিদাবাদ মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত ছিলেন অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর তন্ময় কুন্ডু। তিনি জানিয়েছেন কর্ম সূত্রে বহরমপুরে থাকেন। রবিবার সকালে বাড়িতে এসে দেখি তালাভাঙ্গা অবস্থায় পড়ে রয়েছে। ভাঙ্গা রয়েছে আলমারি।

জনগর্জন সভায় শামিল মাদ্রাসা শিক্ষক নেতারাও

নিজস্ব প্রতিবেদক ● কলকাতা

আপনজন: ব্রিগেডে তৃণমূলের জনগর্জন সভায় জনসমাগমে বিশেষ ভুমিকা নিল পশ্চিমবঙ্গ তৃণমূল মাদ্রাসা শিক্ষক সমিতি। এই সংগঠনের রাজ্য সভাপতি একেএম ফারহাদ এর নেতৃত্বে প্রতি বছরের ন্যায় এবারও শিয়ালদহ স্টেশন থেকে ধর্মতলা হয়ে রেড রোড ধরে ব্রিগেড ময়দান পর্যন্ত বর্ণাঢ্য শোভাযাত্রা সহযোগে ধর্মতলায় উপস্থিত ছিল। জনগর্জনের সকালে বিভিন্ন সংবাদমাধ্যমের নজরকাড়ে মাদ্রাসা শিক্ষকদের প্লাকার্ড, ব্যানারে সুসজ্জিত মিছিল থেকে কেন্দ্রীয় বিজেপি দলকে খোঁচা দেন তৃণমূল মাদ্রাসা শিক্ষক সমিতির সভাপতি তথা উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের বন ও ভূমি স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ একেএম ফারহাদ। তিনি বলেন, জনবিরোধী মোদি সরকারকে হঠাতে গেলে মমতা বন্দ্যোপাধ্যায়ের মতো নেত্রী ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সেনাপতি দরকার। তিনি ছাড়াও মিছিলে অংশ নেন নূরুল হক, মনজুর আহমেদ, আবু সুফিয়ান পাইক, জার্জিস হোসেন,নামদার শেখ, সৈয়দ কামার নাসির,সাত্তার আলী সরকার, আইনুল ইসলাম, মোতালেব,মোঃ অমিত মন্ডল, সাবিনা খাতুন,জেসমিনা খাতুন, শর্মিষ্ঠা ঘোষ, নিজাম লস্কর,ইমরানা দিলসাদ মিস্ত্রী,শেখ আলতাফ, তানজিলা বিবি, ইকবাল হোসেন, পলাশ রোম প্রমুখ।

প্রথম নজর

জেদ্দায় বিশ্বের প্রথম থ্রিডি প্রযুক্তির মসজিদ উদ্বোধন

আপনজন ডেস্ক: সৌদি আরবে থ্রিডি প্রিন্টেড প্রযুক্তির তৈরি বিশ্বের প্রথম মসজিদ উদ্বোধন করা হয়েছে। জেদ্দার আল-জাওহারা শহরে অবস্থিত মসজিদটি গত বুধবার (৬ মার্চ) চালু করা হয়। আবদুল আজিজ আবদুল্লাহ শরবতলি নামের এ মসজিদের নির্মাণকাজ ছয় মাস আগে শুরু হয়েছিল। মূলত প্রয়াত স্বামীর প্রতি শ্রদ্ধা জানাতে স্ত্রী ওয়াজনাত মুহাম্মদ আবদুল ওয়াহেদের পক্ষ থেকে মসজিদটি তৈরি করা হয়। ৫৬০০ বর্গমিটার আয়োতনের এ মসজিদে একসঙ্গে কয়েক শ লোক নামাজ পড়তে পারবেন। ফুরসান রিয়েল এস্টেটের তত্ত্বাবধানে চীনের বিখ্যাত নির্মাতা প্রতিষ্ঠান গুয়ানলি ত্রিমাত্রিক মুদ্রণ প্রযুক্তিনির্ভর এ নির্মাণকাজ সম্পন্ন করে।
ওয়াজনাত বলেন, 'স্থানীয় ঐতিহ্য ও প্রযুক্তিগত উদ্ভাবনের মধ্যে সমন্বয় করে বিশ্বের প্রথম থ্রিডি প্রিন্টেড মসজিদটি নির্মাণ করা হয়েছে। যেন সৌদি আরবে এ ধরনের প্রযুক্তি শুরুর যাত্রায় আমরাও অংশীদার হতে পারি। মূলত আমার প্রিয় প্রয়াত স্বামীর আত্মার শান্তি কামনায় তা তৈরি করা হয়।' মসজিদের নকশা প্রসঙ্গে তিনি বলেন, 'মসজিদটির নকশার ধারণা মুসল্লিদের আতিথেয়তার মাধ্যমে প্রশান্তিবোধ তৈরির ভাবনা থেকে নেওয়া হয়েছে। প্রাকৃতিক আলোর ওপর ভিত্তি করে মসজিদের প্রবেশদ্বার, গেটের নকশা করা হয়। মসজিদের মিনারগুলো অনন্য বৈচিত্র্য এনে দিয়েছে। আর মসজিদের বাইরের খোলা প্রাঙ্গণের নকশার ধারণা পবিত্র কাবাঘরের পাশে হাজরে ইসমাইল থেকে নেওয়া হয়েছে। এখানে জুমা, রমজানের তারাবি ও দুই ঈদের নামাজ পড়তে পারবেন মুসল্লিরা।' এর আগে গত বছর দুবাইয়ের ইসলামবিষয়ক বিভাগ (আইএসিএডি) থ্রিডি প্রিন্টেড মসজিদ নির্মাণ করার ঘোষণা দিয়েছিল। আমিরাতের পুরনো শহর বুর দুবাইয়ে নির্মিত মসজিদটির নির্মাণকাজ আগামী বছরের মার্চে শেষ হবে বলে জানানো হয়। ১৮৫ বর্গমিটার আয়োতনের এ মসজিদে ছয় শর বেশি মুসল্লি একসঙ্গে নামাজ পড়তে পারবেন। থ্রিডি প্রিন্টিং প্রযুক্তি হলো, ডিজিটাল নিয়ন্ত্রিত মেশিনের মাধ্যমে কাঁচামাল ও অন্যান্য শিল্পের সংমিশ্রণে মানুষের সরাসরি হস্তক্ষেপ ছাড়া ভবনের অবকাঠামো তৈরি করা। ভবন নির্মাণ প্রকৌশলের ক্ষেত্রে এ প্রযুক্তি খুবই পরিবেশবান্ধব ও নির্মাণসামগ্রীর বর্জ্য কমাতে সহায়ক। তবে সাধারণ খরচের চেয়ে এতে অনেক বেশি খরচ হয়।

আরব আমিরাতে বজ্রসহ প্রবল বৃষ্টিপাত

আপনজন ডেস্ক: ঝড়বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে মধ্যপ্রাচ্যের দেশ সংযুক্ত আরব আমিরাত। ফলে ব্যাপক দুর্ভোগে পড়েছেন বাসিন্দারা। ইতিমধ্যে বাসিন্দাদের সতর্ক করছে দেশটির পুলিশ। শনিবার (৯ মার্চ) সকাল থেকেই আবুধাবি, দুবাই, শারজাহ, আজমান, রাস আল খাইমাহ, ফুজাইরাহসহ সব জায়গায় ব্যাপক বৃষ্টিপাত হয়েছে। আজ রবিবারেও মাঝারি বৃষ্টিপাত অব্যাহত থাকবে বলে জানা গেছে। এরপর ধারণা করা হচ্ছে, সন্ধ্যায় বৃষ্টিপাত কমে আসবে। আমিরাতের আবহাওয়া সংস্থা ন্যাশনাল সেন্টার অব মেটিওরোলজি (এনসিএম) এসব তথ্য জানিয়েছে। শুক্রবার ও শনিবারে হওয়া দেশটির বিভিন্ন অঞ্চলের বৃষ্টিপাত রেকর্ড করেছে সংস্থাটি। সবচেয়ে বেশি বৃষ্টি হয়েছে আল আইনে এবং আজমানে বজ্রপাত বেশি হয়েছে। সংস্থাটি আরো জানিয়েছেন, দুবাইয়ের আল খাওয়ানিজ এবং উম হুরাইরে শনিবার সকালে সবচেয়ে বেশি বৃষ্টি হয়েছে। পরবর্তী সময়ে দুবাইয়ের অন্যান্য অঞ্চলেও প্রবল বৃষ্টিপাত হতে থাকে। এদিকে আবহাওয়ার এমন বৈরী পরিস্থিতির জন্য সতর্কতা জারি করা হয়েছে। প্রবল বর্ষণের কারণে রাস্তার দৃশ্যমানতা কমে যাওয়ায় গতি কমিয়ে গাড়ি চালানোর নির্দেশ দিয়েছে ট্রাফিক সংশ্লিষ্টরা। জনসাধারণদের বাড়ির বাইরে না বের হওয়ার অনুরোধও জানিয়েছে কর্তৃপক্ষ। এর পরও রাস্তায় ছাতা নিয়ে বের হতে দেখা গেছে কিছুসংখ্যক বাসিন্দাকে। আবহাওয়া দপ্তর গত সপ্তাহে জানিয়েছিল, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ভূপৃষ্ঠের নিম্নচাপ সঙ্গে দক্ষিণাঞ্চল থেকে উত্তর-পশ্চিমাঞ্চলে দিকে বহমান আর্দ্র বাতাসের কারণে পুরো আমিরাতে ভারি থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা তৈরি হয়েছে।

গাজায় এক হাজারের বেশি মসজিদ ধ্বংস

আপনজন ডেস্ক: ফিলিস্তিনের গাজা ভূখণ্ডে ইসরায়েলি সামরিক বাহিনী আইডিএফে'র বর্বরোচিত হামলায় গত পাঁচ মাসে এক হাজারের বেশি মসজিদ ধ্বংস হয়েছে। গত ৭ অক্টোবর থেকে ইসরায়েলি হামলায় গাজায় এসব মসজিদ ধ্বংস হয়েছে বলে জানিয়েছে গাজা কর্তৃপক্ষ। সংবাদমাধ্যম আল-জাজিরা বলেছে, গত মাসে গাজার দক্ষিণাঞ্চলীয় রাফাহ শহরে ১৯৫২ সালে নির্মিত একটি মসজিদকে লক্ষ্যবস্তু বানিয়েছে ইসরায়েলি বাহিনী। আল-হুদা নামের এই মসজিদটি ইসরায়েলি হামলায় ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। ওই এলাকার বৃহত্তম মসজিদগুলোর মধ্যে অন্যতম ছিল এই মসজিদটি। আল-হুদা মসজিদে দেড় হাজারের বেশি মানুষ একসাথে নামাজ আদায় করতে পারতেন। এছাড়া সেখানে বড় একটি গ্রন্থাগারও ছিল। হামলায় ধ্বংস হয়ে যাওয়া এই মসজিদের স্থানে বর্তমানে সীমিতসংখ্যক মুসল্লি নামাজ আদায় করেন। ফিলিস্তিনি মুসলমানরা পবিত্র রমজান মাসের জন্য প্রস্তুতি নিচ্ছেন। তারা আল-হুদা মসজিদে নামাজের জন্য জমায়েত হওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।
রাফাহ শহরের একজন বাসিন্দা বলেন, মুসল্লিদের নামাজ আদায়ের ব্যবস্থা করার জন্য স্বেচ্ছাসেবীরা সেখানে ছোট একটি জায়গা তৈরি করেছেন। এতে আমাদের ধর্মীয় আচার পালন করা হবে। আমরা আশা করছি, এই যুদ্ধের অবসান এবং মসজিদটি পুনরায় নির্মাণ করা হবে।

রমজান মাসে জেরুজালেমে ছড়িয়ে পড়তে পারে সহিংসতা

আপনজন ডেস্ক: দখলদার ইসরায়েল আর স্বাধীনতাকামী গোষ্ঠী হামাসের মধ্যে যুদ্ধবিরতি না হওয়ায় মুসলমানদের পবিত্র রমজান মাসে জেরুজালেমে সহিংসতা ছড়িয়ে পড়ার আশঙ্কা দেখা দিচ্ছে। রমজানে আল আকসা মসজিদে যাতায়াত ও পরিদর্শনের সুযোগ বাড়ানোর আহ্বান জানিয়েছে হামাস। তবে ইসরায়েল দাবি করছে, হামাস রমজান মাসে এই অঞ্চলটি অস্থিতিশীল করার চেষ্টা করছে। যা কয়েকদিনের মধ্যেই শুরু হতে পারে।
আল আকসা মসজিদ হলো ইসলামের তৃতীয় পবিত্রতম স্থান। এই জায়গাটিকে ইহুদিরাও তাদের পবিত্রতম স্থান বলে মনে করে, যা তাদের কাছে টেম্পল মাউন্ট নামে পরিচিত। কখনও কখনও এই জায়গাটি ইসরায়েল-ফিলিস্তিনি সংঘর্ষের ফ্লাশ পয়েন্ট হয়েও দাঁড়ায়।
চাঁদ দেখা গেলে আগামী ১১ বা ১২ মার্চ জেরুজালেমে পবিত্র রমজান মাস শুরু হবে। এই সপ্তাহে আল আকসা মসজিদ প্রাঙ্গণ পরিদর্শনের সময় সেখানকার পরিবেশ শান্ত দেখা গেছে। কিন্তু ফিলিস্তিনিদের মনে চিন্তা ছিল যুদ্ধ নিয়ে। 'লোকেরা নিয়মিত রমজানের ঐতিহ্য উদযাপন এবং উপভোগ করতে পছন্দ করে। কিন্তু এ বছর তার আর কিছুই হবে না', অনেকটা কষ্ট নিয়ে কথাগুলো বলছিলেন আয়াত নামে একজন নারী।
রোজার শুরুতে ৪০ দিনের একটা যুদ্ধবিরতি কার্যকর হওয়ার কথা থাকলেও শেষ পর্যন্ত তা ভেস্তে গেছে। যদিও মিসরের একটি সূত্র বলছে, ইসরায়েলের সাথে একটি চুক্তিতে পৌঁছাতে তারা হামাসের প্রতিনিধি দলের সাথে রোববার দেখা করবে।
শনিবার ইসরায়েল বলেছে, তাদের গোয়েন্দা প্রধান মার্কিন প্রতিপক্ষের সাথে দেখা করেছেন। কারণ তারা কয়েক ডজন বন্দিকে মুক্ত করে আনার চেষ্টা অব্যাহত রেখেছে। এরপর ইসরায়েলের প্রধানমন্ত্রীর দপ্তর একটি বিবৃতি প্রকাশ করে। সেখানে বলা হয়, 'হামাস তার অবস্থানে অটল রয়েছে। তারা আসলে কোনও চুক্তিতে আগ্রহী নয়।'
এদিকে আল আকসা মসজিদ ঘিরে কড়া নিরাপত্তা ব্যবস্থা জারি রেখেছে ইসরায়েলি পুলিশ। মসজিদ কমপ্লেক্সের প্রতিটি গেটে কন্ট্রোল অ্যাক্সেস চালু করা হয়েছে। ১৯৬৭ সালে যুদ্ধের মাধ্যমে ইসরায়েল এই অংশসহ পূর্ব জেরুজালেম দখল করে। তাই এই স্থানটি ফিলিস্তিনিদের কাছে সংগ্রামের একটি প্রতীক হয়ে উঠেছে।
এখানে প্রায়ই ইসরায়েলি নিরাপত্তা বাহিনী এবং ফিলিস্তিনিদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এসব ঘটনার বেশিরভাগই হয় রমজান মাসেই। এই জায়গাটিকে ইহুদিরা তাদের পবিত্রতম স্থান মনে করলেও, এখানে তাদের ধর্মীয় প্রার্থনা করার অনুমতি নেই। তারা শুধু এই জায়গাটিতে প্রবেশ করতে পারে। ২০২১ সালের মে মাসে আল আকসায় সহিংসতায় জেরুজালেমে উত্তেজনা বৃদ্ধি পায়। ওই ঘটনার জেরে হামাস তখন জেরুজালেমে রকেট নিক্ষেপ করে। তখন গাজায় ছোটখাটো একটা যুদ্ধও হয়। এ নিয়ে তখন আরব বিশ্ব ও ইসরায়েলিদের মধ্যে ব্যাপক অস্থিরতাও দেখা দেয়।
এ বছর রোজার মাস কিভাবে কাটবে তা নির্ভর করছে ইসরায়েলের ওপর। কারণ তারা কি ধরনের উদ্যোগ বা কৌশল নেবে সেটি এখনও স্পষ্ট নয়।
চরম ডানপন্থি ইসরায়েলি জাতীয় নিরাপত্তা মন্ত্রী ইতামার বেন গেভির আল আকসা মসজিদে প্রবেশে কঠোর নিষেধাজ্ঞা জারির আহ্বান জানিয়ে বলেছেন, এটি করা হবে হামাসের বিজয় উদযাপন বন্ধ ও ইসরায়েলি বন্দিদের মুক্তির জন্য। তবে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু বলছেন ভিন্ন কথা। তিনি বলেছেন, রমজানের প্রথম সপ্তাহে ধর্মপ্রাণ মুসলমানদের মসজিদে প্রবেশের অনুমতি দেওয়া হবে। তবে তারা প্রতি সপ্তাহে নিরাপত্তা পরিস্থিতি পুর্নমূল্যায়ন করবে।
তবে এই আল আকসায় কত সংখ্যক মুসলমানদের প্রবেশের অনুমতি মিলবে তা এখনও স্পষ্ট করেনি ইসরায়েলি কর্তৃপক্ষ।
গাজা যুদ্ধের সময় পশ্চিম তীর থেকে ফিলিস্তিনিদের জেরুজালেমে প্রবেশে অনেকাংশেই বাধা দেওয়া হয়েছে। তবে পবিত্র এই রমজান মাসে জুম্মার নামাজ পড়তে হাজার হাজার ফিলিস্তিনিকে আল আকসায় যেতে হবে ইসরায়েলি সামরিক বাহিনীর চেকপোস্টের মধ্যে দিয়ে। ইসরায়েল সরকারের মুখপাত্র আইলন লেভি জোর দিয়ে বলেছেন, ধর্মীয় প্রার্থনার স্বাধীনতার জন্য সঠিক সিদ্ধান্ত নেওয়া হবে। তিনি বলেন, 'রমজানে প্রায়ই এমন একটি উপলক্ষ তৈরি হয় যখন উগ্রপন্থিদের কারণে সহিংসতা ছড়িয়ে পড়ে। এবার আমরা তা প্রতিরোধের জন্য কাজ করছি।'

ইসরায়েলের উপকার নয়, ক্ষতিই বেশি করছেন নেতানিয়াহু: জো বাইডেন

আপনজন ডেস্ক: গাজা যুদ্ধ নিয়ে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর দৃষ্টিভঙ্গি দেশটির উপকারের চেয়ে বেশি ক্ষতি করছে বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। মার্কিন সম্প্রচারমাধ্যম এমএসএনবিসিকে দেওয়া সাক্ষাৎকারে শনিবার মার্কিন প্রেসিডেন্ট এমন মন্তব্য করেন।
সাক্ষাৎকারে বাইডেন বলেন, নেতানিয়াহুর অধিকার আছে ইসরায়েলকে রক্ষা করার এবং হামাসের বিরুদ্ধ লড়ার। কিন্তু নিরপরাধ মানুষজনের মৃত্যুর দিকটায় তাকে আরও মনোযোগী হতে হবে।
সম্প্রতি জো বাইডেন সতর্ক করে বলেছেন, পবিত্র রমজানের আগে ফিলিস্তিনের গাজায় যুদ্ধবিরতি না হলে 'খুবই বিপজ্জনক' পরিস্থিতি হবে। একই সঙ্গে তিনি বলেন, যুদ্ধবিরতির চুক্তিটি গ্রহণের বিষয়টি হামাসের ওপর নির্ভর করছে। তবে গত শুক্রবার মার্কিন প্রেসিডেন্ট জানান, পবিত্র রমজান মাসে গাজায় ইসরায়েল ও ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাসের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর করা কঠিন হবে।
আগামী সোমবার বা মঙ্গলবার থেকে গাজায় হিজরি ক্যালেন্ডার অনুযায়ী রমজান মাস শুরু হতে পারে। তবে বিষয়টি পুরোটাই চাঁদ দেখার ওপর নির্ভর করছে।
গাজায় সম্ভাব্য যুদ্ধবিরতি চুক্তি নিয়ে মিসরের রাজধানী কায়রোতে হওয়া আলোচনা ভেস্তে গেছে বলে জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স।
গত ৭ অক্টোবর ফিলিস্তিনের সশস্ত্র গোষ্ঠী হামাস ইসরায়েলে হামলা চালিয়ে ১ হাজার ২০০ জনকে হত্যা ও ২৫৩ জনকে জিম্মি করে। এ ঘটনার পর গাজায় সামরিক অভিযান শুরু করে ইসরায়েল। ইসরায়েলি বাহিনীর হামলায় এখন পর্যন্ত উপত্যকায় ৩০ হাজারের বেশি মানুষ নিহত হয়েছে। আহত হয়েছে ৭২ হাজার ১৯৮ জন।

বাতিল খামেনির ফেসবুক ও ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট



আপনজন ডেস্ক: ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লা আলী খামেনির ফেসবুক ও ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট বাতিল করা হয়েছে। এ ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে ইরান। খামেনির অ্যাকাউন্ট গত মাসে বাতিল করা হয় বলে জানিয়েছে মেটা। প্রতিষ্ঠানটির মতে, 'বিপজ্জনক সংস্থা ও ব্যক্তিদের' বিষয়ে ফেসবুক ও ইনস্টাগ্রামের নীতি 'বারবার লঙ্ঘন' করায় খামেনির অ্যাকাউন্টগুলো সরিয়ে দেওয়া হয়েছে। এ বিষয়ে প্রতিক্রিয়া জানিয়েছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির-আবদুল্লাহিয়ান। গত শুক্রবার মিডল ইস্ট আইকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, এটা অবৈধ ও অনৈতিক। হোসেইন আমির-আবদুল্লাহিয়ান বলেন, একজন বিপ্লবী নেতার সামাজিক যোগাযোগমাধ্যমের অ্যাকাউন্ট বাতিল করাটা শুধু বাক্‌স্বাধীনতার লঙ্ঘন নয়, বরং তার লাখ লাখ অনুসারী ও সংবাদ প্রকাশের জন্যও অপমানজনক।
ইরানের পররাষ্ট্রমন্ত্রী অভিযোগ করেন, খামেনির অ্যাকাউন্ট বাতিল করার মধ্য দিয়ে ফিলিস্তিনের একজন বিশিষ্ট সমর্থকের মতামত সেন্সর করার (বিধিনিষেধ আরোপ) চেষ্টা করছে 'সিলিকন ভ্যালির সাম্রাজ্য'। আয়াতুল্লাহ খামেনি ও গাজার বাস্তুচ্যুত জনগণ এবং গত ৫ মাসে ৩০ হাজার ফিলিস্তিনি শহীদদের কথা সেন্সর করেছে মেটা। এটি আমেরিকান প্ল্যাটফর্মগুলোর অযৌক্তিক আচরণ। সংস্থাটিকে অবশ্যই তার অবৈধ ও অনৈতিক আচরণের জন্য জবাব দিতে হবে, যোগ করেন তিনি।

ছড়িয়ে-ছিটিয়ে

বন্দর নির্মাণে গাজায় যাচ্ছে মার্কিন সামরিক জাহাজ

আপনজন ডেস্ক: যুদ্ধবিধ্বস্ত গাজা ভূখণ্ডে ত্রাণ সরবরাহ বাড়াতে চায় যুক্তরাষ্ট্র। আর তাই গাজা উপকূলে একটি অস্থায়ী বন্দর নির্মাণের জন্য সরঞ্জাম নিয়ে মধ্যপ্রাচ্যের দিকে যাত্রা শুরু করেছে একটি মার্কিন সামরিক জাহাজ। জেনারেল ফ্র্যাঙ্ক এস বেসন শনিবার ভার্জিনিয়া অঙ্গরাজ্যের ঘাঁটি ছেড়ে যায় বলে সংবাদমাধ্যম বিবিসি জানিয়েছে।
গাজায় সমুদ্রপথে ত্রাণ পৌঁছাতে ভাসমান বন্দর নির্মাণের ঘোষণা আগেই দিয়েছিলেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সেখানে দুর্ভিক্ষ 'প্রায় অনিবার্য বলে' বারবারই সতর্ক করছে জাতিসংঘ। অনেক শিশু এরই মধ্যে মৃত্যুর কোলে ঢলে পড়েছে।
গাজায় স্থল ও বিমানের মাধ্যমে ত্রাণ সরবরাহ কঠিন ও ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। ত্রাণবাহী গাড়িবহরের ওপর বন্দুক হামলা ও লুটপাটের শিকার হওয়ার পর বিশ্ব খাদ্য কর্মসূচি স্থল অভিযান স্থগিত করতে বাধ্য হয়।
প্যারাস্যুট বিভ্রাটের কারণে গত শুক্রবার বিমান থেকে ফেলা ত্রাণের প্যাকেটের আঘাতে অন্তত পাঁচজন নিহত হওয়ার খবর দিয়েছে সিএনএন।
মার্কিন সেনাবাহিনীর সেন্ট্রাল কমান্ড এক্স প্ল্যাটফর্মে এক পোস্টে বলেছে, বাইডেনের ঘোষণা দেওয়ার ৩৬ ঘণ্টারও কম সময়ের মধ্যে মার্কিন জাহাজটি রওনা দেয়। গাজায় জরুরি মানবিক সহায়তা পৌঁছে দিতে অস্থায়ী বন্দর স্থাপনের সরঞ্জাম রয়েছে।
পেন্টাগন বলছে, বন্দরটি নির্মাণে ১ হাজার সৈন্যের ৬০ দিনের মতো সময় লাগবে। তাদের কেউই তীরে যাবে না। তবে, গাজার এখনকার যে পরিস্থিতি, তাতে দীর্ঘ সময় অপেক্ষায় পরিস্থিতি ভয়াবহ হতে পারে বলে দাতব্য সংস্থাগুলো সতর্ক করেছে। এদিকে প্রায় ২০০ টন খাদ্যের ত্রাণবাহী একটি জাহাজ ওপেন আর্মস সাইপ্রাসের বন্দর ছেড়ে আসতে আজ রোববার সকালে ছাড়পত্রের অপেক্ষায় ছিল বলে বিবিসির প্রতিবেদনে বলা হয়। সোমবারের আগেই জাহাজটি যাত্রা শুরু করবে বলে আশা করা হচ্ছে। এর আগে ইউরোপীয় ইউনিয়ন ঘোষণা দেয়, গাজার নিকটবর্তী ইউরোপীয় ইউনিয়নের দেশ সাইপ্রাস থেকে সরাসরি ত্রাণ পাঠানোর জন্য নতুন সমুদ্রপথ উন্মুক্ত করা হবে। স্পেনের দাতব্য সংস্থা ওপেন আর্মসের জাহাজটিতে মার্কিন দাতব্য সংস্থা ওয়ার্ল্ড সেন্ট্রাল কিচেনের দেওয়া খাদ্য সরবরাহ রয়েছে।

সেহেরী ও ইফতারের সময়

সেহেরী শেষ: ভোর ৪.২৮ মি.
ইফতার: সন্ধ্যা ৫.৪৯ মি.



নামাজের সময় সূচি

ওয়াক্ত	শুরু	শেষ
ফজর	৪.২৮	৫.৪৮
যোহর	১১.৫২	
আসর	৪.০৪	
মাগরিব	৫.৪৯	
এশা	৬.৫৮	
তাহাজ্জুদ	১১.০৯	

পাকিস্তান ভয়াবহ বিস্ফোরণ, নিহত ২

আপনজন ডেস্ক: পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলীয় শহর পেশোয়ারে বিস্ফোরণে অন্তত দুইজন নিহত হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন একজন। তার অবস্থা আশঙ্কাজনক বলে ধারণা করা হচ্ছে। খাইবার পাখতুনখোয়া প্রদেশের রাজধানী শহরের বোর্ড বাজার এলাকার কাছে এ বিস্ফোরণের ঘটনা ঘটেছে বলে জানিয়েছেন পুলিশ কর্মকর্তারা।

কবি সাংবাদিক আজিজুল হক চট্টগ্রামে সংবর্ধিত

আপনজন ডেস্ক: পশ্চিমবঙ্গের নেতড়া থেকে প্রকাশিত 'বাংলার রেনেসাঁ পত্রিকার সম্পাদক আজিজুল হককে বাংলাদেশের চট্টগ্রামে - বাংলাদেশ ভারত নেপাল ইতিহাস মঞ্চের কবি সম্মেলনে উদ্বোধক রূপে বাংলাদেশে গমনে তাঁকে সংগঠনের পক্ষ থেকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষে একুশে স্মারক পদক দিয়ে বরণ করা হয়। সম্প্রতি চট্টগ্রাম নগরীর চার তাঁরকা হোটেল 'এশিয়ান এসআর লি. ' অডিটোরিয়ামে এই কবি সম্মেলনে দেশ ও বিদেশের ৫০ অধিক কবি, সাহিত্যিক, লেখক, গবেষক, শিক্ষাবিদ, অধ্যাপক সহ বিভিন্ন শ্রেনি পেশার লোকজন উপস্থিত ছিলেন।
বাংলাদেশ ভারত নেপাল ইতিহাস মঞ্চের প্রতিষ্ঠাতা ও সাধারণ সম্পাদক, ইতিহাসবিদ জনাব সোহেল মো. ফখরুদ-দীন এর সভাপতিত্বে কবি সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ভারত নেপাল ইতিহাস মঞ্চের সভাপতি লায়ন দুলাল কান্তি বড়ুয়া।
সভায় অন্যান্যের মধ্যে ভারতের বিদ্যাসাগর কলেজের অধ্যাপক বাসির আল হিলাল, কবি আইনবিদ নুর নবী জমাদার, কবি রাজেশ্যাম ঘোষ, কবি তারকনাথ দত্ত, নাজমুল হক শামীম, মাস্টার আবুল হোসাইন, কবি নুরুল হুদা চৌধুরী, সজলদাস প্রমুখ বক্তব্য রাখেন। এই সভায় রেনেসাঁ পত্রিকার সম্পাদক তথা কবি আজিজুল হককে একুশের স্মারক পদক দিয়ে সম্মান জানানো হয়।

যুদ্ধের মধ্যেই রমজানের প্রস্তুতি নিচ্ছেন ফিলিস্তিনিরা

আপনজন ডেস্ক: ইসরায়েলি পুলিশের কঠোর নিরাপত্তা, যুদ্ধ আর দুর্ভিক্ষের ঝুঁকির মধ্যেই পবিত্র রমজানের প্রস্তুতি নিচ্ছেন ফিলিস্তিনিরা। যুদ্ধবিরতির আলোচনা স্থগিত হয়ে যাওয়ায় পবিত্র মাসের উৎসব মুখর পরিবেশ ছাপিয়ে ফিলিস্তিনিদের মুখে এখন আতঙ্কের ছাপ। রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, জেরুজালেমের ওল্ড সিটির সরু রাস্তার চারপাশে হাজার হাজার পুলিশ মোতায়েন করা হয়েছে। এখানে অবস্থিত ইসলামের অন্যতম পবিত্র স্থান আল আকসা মসজিদ। মসজিদটিতে প্রতিদিন কয়েক হাজার উপাসক জড়ো হন। একই সঙ্গে এলাকাটি ইহুদিদের কাছেও পবিত্রতম। তারা এটিকে টেম্পল মাউন্ট বলে ডাকে। পবিত্র এই স্থানটি ঘিরেই দুই অঞ্চলের মধ্যে দীর্ঘদিনের সংঘর্ষ। আল-আকসা ঘিরে ২০২১ সালে ইসরায়েল ও হামাসের মধ্যে রক্তক্ষয়ী যুদ্ধ বাঁধে। তখনকার ১০ দিনের সংঘাত বর্তমান যুদ্ধের ভয়াবহতার কাছে চাপা পড়েছে। চলমান যুদ্ধের এখন প্রায় ৬ মাস। গাজায় ইসরায়েলের নিরলস অভিযান সারা বিশ্বে ক্রমবর্ধমান শঙ্কা তৈরি করেছে। কারণ দুর্ভিক্ষের ঝুঁকি বাড়ার পাশাপাশি নিহতের সংখ্যা বাড়তে পারে। ইতোমধ্যে নিহতের সংখ্যা ৩১ হাজার ছাড়িয়ে গেছে। গত মাসে ইসরায়েলের কঠোর ডানপন্থী নিরাপত্তা মন্ত্রী ইতামার বেন গভির বলেছিলেন, তিনি আল আকসায় মুসলিমদের ওপর বিধিনিষেধ চান।

ইন্দোনেশিয়ায় আকস্মিক বন্যা-ভূমিধসে নিহত অন্তত ১৯

আপনজন ডেস্ক: ইন্দোনেশিয়ার পশ্চিমাঞ্চলীয় সুমাত্রা দ্বীপে আকস্মিক বন্যা ও ভূমিধসে অন্তত ১৯ জন নিহত হয়েছেন। এই ঘটনায় নিখোঁজ রয়েছেন আরো সাতজন। শনিবার (৯ মার্চ) হতাহতের এই ঘটনা ঘটেছে বলে স্থানীয় কর্তৃপক্ষের বরাত দিয়ে এক প্রতিবেদনে জানিয়েছে বার্তা সংস্থা শিনহুয়া। প্রতিবেদনে বলা হয়েছে, দেশটির পশ্চিম সুমাত্রা প্রদেশের পেসিসির সেলাতান রিজেন্সি এলাকায় মুষলধারে বৃষ্টির কারণে আকস্মিক বন্যা ও ভূমিধসের ঘটনা ঘটেছে। এতে স্থানীয় কর্তৃপক্ষ সেখানকার প্রায় ৪৬ হাজার মানুষকে অস্থায়ী আশ্রয় শিবিরে সরিয়ে নিতে বাধ্য হয়েছে। প্রাকৃতিক এই বিপর্যয়ে পেসিসির সেলাতান এলাকা থেকে ১৯ জনকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়েছে। এক বিবৃতিতে পেসিসির সেলাতানের দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার ভারপ্রাপ্ত প্রধান ডনি ইউসরিজাল বলেছেন, সুতেরা জেলার লাংগাই গ্রামে দুজনের ও কোটো ইলেভেন তরুসান জেলায় সাতজনের মরদেহ পাওয়া গেছে। এ ছাড়া লেঙ্গায়াং থেকে একজনের মরদেহ উদ্ধার করা হয়েছে। প্রাকৃতিক দুর্যোগে আরো সাতজন নিখোঁজ রয়েছেন বলে জানিয়েছেন তিনি। ডনি বলেছেন, বৈরী আবহাওয়ার কারণে নিখোঁজদের উদ্ধার অভিযান বাধাগ্রস্ত হচ্ছে। সুমাত্রার এই কর্মকর্তা বলেছেন, বর্তমানে সেলাতানের আবহাওয়া বৃষ্টিস্নাত রয়েছে। সেখানকার কিছু এলাকার যোগাযোগ ব্যবস্থা ভেঙে পড়েছে।

আপনজন

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ৬৯ সংখ্যা, ২৭ ফাল্গুন ১৪৩০, ২৯ শাবান, ১৪৪৫ হিজরি

কম বলো, বেশি শোনো

রবীন্দ্রনাথ ঠাকুর তাহার 'দুই বিঘা জমি' কবিতায় বলিয়াছেন–"শুনে বিবরণ ক্রোধে তিনি কন, 'মারিয়া করিব খুন।'/ বাবু যত বলে পারিষদ-দলে বলে তার শতগুণ।" কবি বুঝাইতে চাহিয়াছেন, কাহারো উপর 'বাবু' রাগ দেখাইলে তাহার অধীনস্থ 'পারিষদ' আরো শতগুণ রোষপ্রকাশে বাবুকে খুশি করিতে ব্যস্ত হইয়া পড়েন। শতবর্ষ পূর্বে কবি এমন চিত্র আঁকিয়াছেন। পরিতাপের বিষয় হইল, তৃতীয় বিশ্বের দেশগুলিতেই এখনো এই চিত্র দেদীপ্যমান।

তৃতীয় বিশ্বের দেশে দেশে এমনিতেই জনগণের মধ্যে দুঃখ-কষ্ট-যন্ত্রণার শেষ নাই। তাহাদের শরীরের কোষে কোষে শত শত ক্ষত। সেই সকল ক্ষতের নিরাময় প্রয়োজন। কিন্তু ক্ষতের একটুখানি উপশমের যথার্থ চেষ্টা দূরের কথা, মূল্যস্ফীতিসহ বিবিধ সংকটের চাপে পড়িয়া বরং সেই সকল ক্ষত আরো গাঢ় হয়। এই অবস্থায় কেহ যদি সেই ক্ষত তথা কাটা ঘায়ে নুনের ছিটা দেয়, তাহা হইলে সাধারণ মানুষের মনের অবস্থা কেমন হইতে পারে? মনের ভাব প্রকাশ করিবার জন্য মহান আল্লাহ তাআলা আমাদের জিহ্বা দিয়াছেন। জিহ্বা এমন একটি অঙ্গ, যাহা দিয়া আমরা অনেক পুণ্য অর্জন করিতে পারি, আবার ইহার খারাপ ব্যবহার আমাদের দুর্ভোগের কারণ হইয়া উঠিতে পারে। দেখা যায়, জিহ্বার দ্বারা আমরা গুনাহের কাজ অধিক করি। এই সমস্যার মূলে রহিয়াছে আমাদের অজ্ঞানতা এবং কালচার। এক বিশিষ্টজন বলিয়াছিলেন–বাঙালির কালচার নাই, যাহা আছে তাহা এগ্রিকালচার। বাঙালির গিবত ও বাজে কথা বলিবার প্রীতি দেখিয়া এক স্কলার আরো আগাইয়া বলিয়াছিলেন, 'এগ্রিকালচার নামে বাঙালির যাহা আছে, তাহা আসলে আগিল-কালচার।' আমরা আসলে এই 'কুসিত কালচার' হইতে বাহির হইতে পারিতেছি না। জিহ্বার লাগাম টানিয়া ধরিতে পারিতেছি না। অনেকে বলেন, মেধা যদি না থাকে, তাহা হইলে মনন তৈরি হয় না। তৃতীয় বিশ্বের গুরুত্বপূর্ণ পদে আসীন অনেকেরই মনন তৈরি হয় নাই। এই জন্য অনেকেই তাহার জিহ্বা সংযত না করিয়া মুখে যাহা আসে তাহাই বলিয়া ফেলেন। তখন ভাষার বিষে নীল হইতে হয় সাধারণ মানুষকে। এখন, পারিষদ শ্রেণির কাহারো কাহারো দিশাহীন শূন্যগর্ভ ভাষণের মধ্যে আশা না থাকিয়া বিষ থাকিলে মানুষ কোথায় যাইবে? ১৯৫৭ সালের ২১ মার্চ পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদে বাজেটের উপর সাধারণ আলোচনায় একজন স্বতন্ত্র সদস্য দাঁড়াইয়া তাত্পর্যপূর্ণ কিছু শ্লেষ কথা বলিয়াছিলেন, যাহার মর্মার্থ হইল–ইহারা (দায়িত্বপ্রাপ্তরা) বলিবে দক্ষিণে, কিন্তু উত্তরে যায়;/ সাপের মাথায় ব্যাঙ নাচে, / জলে শিলা ভাসে, বানর সংগীত গায়।

মনে রাখিতে হইবে, হাদিসে নাজাত পাওয়ার জন্য প্রথমেই জিহ্বা নিয়ন্ত্রণ করিবার কথা বলা হইয়াছে। এই জন্য বলা হয় যে, জিহ্বার কারণে মানুষ ৩০টিরও বেশি গুনাহতে লিপ্ত হইতে পারে। যুদ্ধের ময়দানে প্রাণ বিসর্জন দেওয়ার চাইতে 'জিহ্বা সংযত রাখা' বেশি কঠিন। এই জন্য রাসুল (সা.) ইরশাদ করিয়াছেন–'যে চুপ থাকে, সে মুক্তি পায়।' (সহিহ বুখারি, হাদিস :৭৮৫৪)। সুতরাং বিচক্ষণ ও বুদ্ধিমান ব্যক্তি বেশি কথা বলিবার পূর্বে ভাবিয়া দেখেন–এই কথাটি তাহার কি না-বলিলেই নহে? হজরত আলি (রা.) বলিয়াছেন যে, যদি শরীরের কোনো অঙ্গে বিষ থাকে তাহা হইল–বাগ্যন্ত্র। (কাওয়ায়েদুন নবওয়্যাহি :২৯৯)। যথার্থ অর্থেই জিহ্বার বিষ এতটাই বিষাক্ত যে উহা অনেক অর্জনই তছনছ করিয়া দিতে সক্ষম। জিহ্বা একই সঙ্গে হিতকর এবং অনিষ্টের মূল। ইহার দ্বারা অন্যকে বন্ধু বানানো যায়, পুণ্য অর্জন করা যায়, মানুষের চোখের জল মুছিয়া দেওয়া যায়। আবার ইহার দ্বারাই অন্যকে প্রবলভাবে ক্ষতবিক্ষত করা যায় এবং পরম শত্রু বানানো যায়। এই জন্য যাহারা বিজ্ঞবান, তাহারা ভাবেন–কী দরকার এত কথা বলিবার? মনে রাখিতে হইবে, সৃষ্টিকর্তা আমাদের একটি মুখ কিন্তু দুইটি কান দিয়াছেন। ইহার মাজেজা হইল–তুমি কম বলো, বেশি করিয়া শোনো। কিন্তু আমরা কতজন তাহা বুঝি বা মানি?

এক হাতে বোমা অন্য হাতে খাবার, আসলে কী চান বাইডেন

আকাশ থেকে গাজাবাসীকে লক্ষ্য করে যুক্তরাষ্ট্র একাধারে দুটি জিনিস ফেলছে, এক. বোমা ও দুই. খাবারের ঝাঁকা। অন্যভাবে বলতে গেলে, একাধারে মৃত্যু ও জীবনদায়ী বস্তুর জোগান দিয়ে প্রেসিডেন্ট বাইডেন ভারসাম্যহীন মধ্যপ্রাচ্য যুদ্ধে গোঁজামিল দিয়ে ভারসাম্য খুঁজছেন। আকাশ থেকে খাবার ফেলা ও অস্থায়ী বন্দর চালু করে গাজার ভুখা মানুষকে মানবিক সাহায্য পাঠানোর এই সিদ্ধান্ত বুঝিয়ে দিয়েছে মধ্যপ্রাচ্য কৌশল নিয়ে বাইডেন এখন উদ্বিগ্ন। লিখেছেন **পিটার বেকার ও মাইকেল ক্রাউলি**।

আকাশ থেকে গাজাবাসীকে লক্ষ্য করে যুক্তরাষ্ট্র একাধারে দুটি জিনিস ফেলছে, এক. বোমা ও দুই. খাবারের ঝাঁকা। অন্যভাবে বলতে গেলে, একাধারে মৃত্যু ও জীবনদায়ী বস্তুর জোগান দিয়ে প্রেসিডেন্ট বাইডেন ভারসাম্যহীন মধ্যপ্রাচ্য যুদ্ধে গোঁজামিল দিয়ে ভারসাম্য খুঁজছেন।

আকাশ থেকে খাবার ফেলা ও অস্থায়ী বন্দর চালু করে গাজার ভুখা মানুষকে মানবিক সাহায্য পাঠানোর এই সিদ্ধান্ত বুঝিয়ে দিয়েছে মধ্যপ্রাচ্য কৌশল নিয়ে বাইডেন এখন উদ্বিগ্ন। কারণ, তিনি এখন পর্যন্ত হামাসের বিরুদ্ধে যুদ্ধে ইসরায়েলকে শর্তহীনভাবে অস্ত্র সরবরাহ করে যাচ্ছেন।

যুদ্ধের দুই পক্ষেই এখন যুক্তরাষ্ট্রের উপস্থিতি দেখা যাচ্ছে। তারা অস্ত্রশস্ত্র দিয়ে ইসরায়েলের পাশে থাকছে আর এসব অস্ত্রশস্ত্রের হামলায় যারা আহত হচ্ছে তাদের জন্যও মায়া দেখাচ্ছে। বাইডেন ক্রমশ প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর আচরণে হতাশ হয়ে উঠেছেন। কারণ, গাজার বেসামরিক জনগণকে সুরক্ষা দিতে বাইডেনের কোনো অনুরোধেই নেতানিয়াহু কর্ণপাত করেননি। স্টেট অব দ্য ইউনিয়ন বক্তৃতার আগে-পরে প্রেসিডেন্ট বাইডেন ক্ষোভ প্রকাশ করেন। কিন্তু তাই বলে তিনি ইসরায়েলকে অস্ত্র সরবরাহ থেকে পিছিয়ে আসেননি। বা অস্ত্রের জোগানদাতা হিসেবে যুদ্ধের গতিপ্রকৃতিতে কোনো প্রভাব রাখার চেষ্টা করেননি।

ক্যালিফোর্নিয়ার ডেমোক্র্যাট নেতা ও রিপ্রেজেন্টেটিভ রো খান্না বলেন, 'একই সঙ্গে গাজাবাসীকে ত্রাণসহায়তা ও ত্রাণসহায়তাবাহী ট্রাকে হামলার জন্য আপনি ইসরায়েলকে বোমা দিতে পারেন না।' বাইডেনের ভাষণের ঠিক এক দিন পর এক সাক্ষাৎকারে এই রিপ্রেজেন্টেটিভ আরও বলেন, 'এই বক্তব্যে একটা অন্তর্নিহিত দ্বন্দ্ব আছে। আমি মনে করি বাইডেন প্রশাসনের উচিত গতকাল রাতের ভাষণের সঙ্গে সংগতিপূর্ণ হয় এমন আচরণ করা। ফিলিস্তিনের বেসামরিক জনগণের প্রতি গত রাতে সমানুভূতি ও উদ্বেগের কথা উচ্চারিত হয়েছে। এটা সত্য প্রমাণ করতে নেতানিয়াহু ও তাঁর অতি ডানপন্থী সরকারকে জবাবদিহির আওতায় আনতে হবে। তাহলেই বোঝা যাবে বাইডেন যা বলেছেন, তা কথার কথা নয়।'

যুক্তরাষ্ট্রের নেতৃত্বে আকাশ ও সমুদ্রপথে মানবিক সহায়তা পৌঁছানোর এই উদ্যোগের পেছনে মূল কারণ হলো স্থলপথে গাজায় ত্রাণসহায়তা সরবরাহের চেষ্টা ব্যর্থ হয়েছে। এখন পর্যন্ত মার্কিন কর্মকর্তারা ত্রাণ সরবরাহের এই পদ্ধতিকে অবাস্তব বলছেন। কারণ, স্থলপথে যে পরিমাণ ত্রাণ সরবরাহ সম্ভব, আকাশ ও জলপথে তা সম্ভব না এবং নানা দিক থেকে জটিলও।

আকাশ থেকে ফেলা খাবারের ঝাঁকা কতটা বিপজ্জনক হতে পারে, তা আমরা দেখেছি। শুক্রবার এই ঝাঁকা পড়ে পাঁচ ফিলিস্তিনি নিহত হন। তা ছাড়া মাঠে যদি একটা সুষ্ঠু বন্টন ব্যবস্থা না থাকে, তাহলে ত্রাণ সরবরাহের পুরো প্রক্রিয়াটি বিশৃঙ্খল ও ঝুঁকিপূর্ণ হয়ে ওঠে। একটি অস্থায়ী ও ভাসমান ঘাট তৈরি করতে কমপক্ষে ৩০ থেকে ৬০ দিন সময় লাগবে। এই কাজে ঝুঁকিও আছে। যদিও বাইডেন বলেছেন, এই ঘাট তীরের কাছাকাছি নির্মাণ করা হবে না এবং কোনো মার্কিন সেনা গাজার ভূমি স্পর্শ করবেন না।

বাইডেন প্রশাসন তাদের কর্মপরিকল্পনায় পরিবর্তন আনে গত মাসে ত্রাণবাহী ট্রাকের কাছে অবস্থানরত গাজাবাসীর ওপর ইসরায়েলিদের গুলি ছোড়ার পর। একজন শীর্ষ মার্কিন কর্মকর্তা নাম না প্রকাশ করার শর্তে জানিয়েছেন, বাইডেন প্রশাসনের ভেতরের খবর হলো, ওই বিপর্যয়কর ঘটনাই বাইডেন প্রশাসনের পরিকল্পনায় পরিবর্তন এনেছে।

ওই কর্মকর্তা বলেন, ওপর থেকে ধারণকৃত ভিডিওতে গাজার বেপরোয়া বেসামরিক মানুষকে দেখা গেছে। যদিও ইসরায়েলি কর্মকর্তারা ভেবেছিলেন এই ভিডিও প্রকাশ করে তারা তাঁদের বাহিনীকে নির্দোষ প্রমাণ করতে সক্ষম হবে, কিন্তু ঘটেছে উল্টোটা। তারা গাজাবাসীকে নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়া এক দঙ্গল মানুষ হিসেবে উপস্থাপন করতে চেয়েছিল। তবে বাইডেন প্রশাসনের উপলব্ধি হলো, পরিস্থিতি এতই শোচনীয় যে ভোর সাড়ে চারটার সময় মানুষ খাবারের গাড়ির দিকে এভাবে ছুটেছে। সমালোচকেরা বলছেন, প্যারাসুটে করে ফেলা খাবারের ঝাঁকা প্রয়োজনের তুলনায় খুবই সামান্য। একই সঙ্গে বাইডেনের দ্বিচারিতার প্রকাশ। প্রেসিডেন্টের এই দ্বিমুখী অবস্থানের সূত্রপাত গত ৭ অক্টোবর ইসরায়েলের অভ্যন্তরে ঢুকে ১ হাজার ২০০ ইসরায়েলি এবং এর জবাবে গাজায় ৩০ হাজার মানুষকে হত্যা।

ওয়াশিংটনের আরব সেন্টারে ফিলিস্তিন-ইসরায়েল প্রোগ্রামের প্রধান ইউসেফ মুনায়ের বলেন, 'এর কোনো অর্থ নেই। এটা অনেকটা দাউ দাউ করে জ্বলতে থাকা আগুন এক কাপ পানি দিয়ে নেভানো ও যে আগুন জ্বালিয়েছে তাকে আরও জ্বালানি সরবরাহের নামান্তর। প্রশাসন একটি রাজনৈতিক সংকটের সমাধানের চেষ্টা করছে। যুদ্ধে সমর্থনের কারণে কিছু ভোটারের মধ্যে যে ক্ষোভ তৈরি হয়েছে, তাকে প্রশমন করতেই এই বক্তব্য।'

ইসরায়েলি এবং তাদের সমর্থকেরা এই যুক্তি প্রত্যাখ্যান করছে। সাবেক প্রধানমন্ত্রী নাফতালি বেনেটের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এয়াল হুলাটা বলেন, 'তারা কেন উদ্দেশ্য খুঁজে বেড়াচ্ছে? বার্তাটা হলো, এবং আমি বাইডেনকে জোরালো সমর্থন করছি যে তিনি হামাসকে নিশ্চিহ্ন করার যুদ্ধে সমর্থন দিয়েছে। তারাই সব নষ্টের গোড়া। সেই সঙ্গে বাইডেন গাজার বেসামরিক জনগোষ্ঠীর কথাও ভাবছেন।'

এয়াল হুলাটা আরও বলেন, 'যারা বাইডেন সম্পর্কে এ ধরনের মন্তব্য করছে, তারা আসলে গাজাবাসী ও হামাসের মধ্যে পার্থক্য করতে জানে না। কিন্তু আমরা করি।'

যুক্তরাষ্ট্রের তৈরি বোমা যাদের নিশানা করে ছোড়া হচ্ছে, তাদের খাদ্যসহায়তা দেওয়া বিপরীতধর্মী কাজ কি না, এমন আলোচনায় হোয়াইট হাউসের কর্মকর্তারা জড়াতে চান না। প্রেসিডেন্টের জাতীয় নিরাপত্তা যোগাযোগবিষয়ক উপদেষ্টা দ্য নিউইয়র্ক টাইমসকে বলেন, 'আমরা গাজার জনজীবন পরিস্থিতি নিয়ে আমাদের গভীর উদ্বেগের কথা পরিষ্কারভাবে জানিয়েছি। আমরা বলেছি, এমন বিপর্যয়কর পরিস্থিতি কতটা অগ্রহণযোগ্য।'

ইসরায়েলের আত্মরক্ষার অধিকার এবং সন্ত্রাসী হামলার পাল্টা জবাবের পক্ষে বাইডেন জোরালো সমর্থন দিয়েছেন। তাঁর নিজের দল থেকেই ফিলিস্তিনি বেসামরিক জনগণের প্রতি যথেষ্ট সহানুভূতি প্রকাশ না করা নিয়ে সমালোচনা আছে।

যদিও স্টেট অব দ্য ইউনিয়ন বক্তৃতায় এবার বাইডেন আগের চেয়েও জোরালো ভাষায় গাজার মানুষের দুর্গতির কথা বলেছেন। কিন্তু তিনি তাঁর নীতির কোনো পরিবর্তন ঘটাননি, শুধু জনগণের উদ্দেশে দেওয়া ভাষণে তাঁর কথার যে সুর, তাতে কিছুটা পরিবর্তনের ইঙ্গিত পাওয়া যাচ্ছে।

বাইডেন বলেন, 'এই যুদ্ধে গাজার যত মানুষ মারা গেছেন, এর আগের সব যুদ্ধে সম্মিলিত প্রাণহানির চেয়েও এই সংখ্যা বেশি। গাজার ৩০ হাজারের বেশি মানুষ মারা গেছেন, যাঁদের সিংহভাগ হামাস নয়। হাজার হাজার নির্দোষ মানুষ, নারী ও শিশু মারা গেছে। শিশুরা এতিম হয়ে গেছে। ২০ লাখের বেশি ফিলিস্তিনি বোমা হামলা ও বাস্তুচ্যুতির শিকার। বাড়িঘর ধ্বংস হয়ে গেছে, পুরো অঞ্চল গুঁড়িয়ে গেছে, শহরগুলো শেষ। খাবার, পানি, ওষুধের তীব্র সংকট। এটা অত্যন্ত বেদনাদায়ক।'

হাউস ফ্লোরে কলোরাডোর ডেমোক্র্যাট সিনেটর মাইকেল বেনেট প্রেসিডেন্টকে বলেন নেতানিয়াহু ওরফে বিবির ওপর চাপ অব্যাহত রাখতে।

বাইডেন জবাবে বলেন, 'আমি তাঁকে বলেছি বিবি, আমি বারবার এক কথা বলতে চাই না। কিন্তু আপনার ও আমার একটটা উপলব্ধিতে পৌঁছানোর সময় এসেছে।' যদিও এই কথোপকথন ছিল দুজনের মধ্যে, তবে মাইক্রোফোন চালু থাকায় বাইডেনের এই বক্তব্য সবাই শোনেন।

বাইডেনের একজন সহকারী এ ব্যাপারে তাঁকে সতর্ক করলেও, তাঁকে বিচলিত দেখায়নি। তিনি তাঁর বিরক্তিও লুকাতেও চাননি।

গাজায় ত্রাণসহায়তা পৌঁছানো নিয়েই মূলত দেশ দুটির মধ্যে দূরত্ব তৈরি হয়েছে। জাতিসংঘের কর্মকর্তারা সতর্ক করে বলেছেন, ৫ লাখ ৭০ হাজার অনাহারী গাজাবাসী বিপজ্জনক পরিস্থিতিতে আছে। যদি এ পরিস্থিতির কোনো পরিবর্তন না হয়, তাহলে উত্তর গাজায় দুর্ভিক্ষ হবে শিগগিরই। যুদ্ধ শুরুর আগে গাজা প্রতিদিন ৫০০ ট্রাক ত্রাণসহায়তার ওপর নির্ভর করত। বিশ্ব খাদ্য কর্মসূচি জানিয়েছে এখন ঢুকছে ১৫০ ট্রাক। মৌলিক প্রয়োজনটুকু মেটাতে ত্রাণসহায়তা এখনই দ্বিগুণ করা প্রয়োজন।

ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটির প্রেসিডেন্ট ডেভিড মিলিব্যান্ড শুক্রবার বলেছেন, আকাশ থেকে খাবারের ঝাঁকা ফেলা কিংবা ঘাট তৈরি করা হলো সবশেষ ব্যবস্থা। মূল সমস্যা সমাধান না করে এ ধরনের উদ্যোগ নেওয়া যেমন খরচের, তেমনি ঝুঁকিপূর্ণ। এসব করে যুদ্ধবিরতির যে মূল দাবি, তা থেকে দৃষ্টি সরানো উচিত হবে না। কারণ, যুদ্ধবিরতি হলে এ অঞ্চলে বেসামরিক নাগরিকেরা সুরক্ষা পাবেন, ত্রাণ সরবরাহ বাড়বে, অবকাঠামো এবং হাসপাতালগুলো কার্যকর করা যাবে। অগ্রাধিকারের তালিকায় যেটা ৪ কিংবা ৫ নম্বর সেটিকে স্বাভাবিক ও বিকল্প হিসেবে নেওয়া কখনোই ঠিক হবে না।

পিটার বেকার দ্য টাইমসের হোয়াইট হাউস প্রতিনিধি। মাইকেল ক্রাউলি যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর ও নীতিসংক্রান্ত প্রতিবেদক। তিনি বিশ্বের তিন ডজন দেশ ভ্রমণ করেছেন, মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর সফর সঙ্গীও হয়েছেন।

দ্য নিউইয়র্ক টাইমসে প্রকাশিত। ইংরেজি থেকে ঈষৎ সংক্ষেপিত অনুবাদ।

যুক্তরাষ্ট্রের তৈরি বোমা যাদের নিশানা করে ছোড়া হচ্ছে, তাদের খাদ্যসহায়তা দেওয়া বিপরীতধর্মী কাজ কি না, এমন আলোচনায় হোয়াইট হাউসের কর্মকর্তারা জড়াতে চান না। প্রেসিডেন্টের জাতীয় নিরাপত্তা যোগাযোগবিষয়ক উপদেষ্টা দ্য নিউইয়র্ক টাইমসকে বলেন, 'আমরা গাজার জনজীবন পরিস্থিতি নিয়ে আমাদের গভীর উদ্বেগের কথা পরিষ্কারভাবে জানিয়েছি। আমরা বলেছি, এমন বিপর্যয়কর পরিস্থিতি কতটা অগ্রহণযোগ্য।'

ধনী বিশ্বে জন্মহার কেন কমছে?

ড্যানি ডরলিং

'ব্যাপারটা মজার হলেও হতাশার। কেননা আমরা নিজেরাই আমাদের বিলুপ্তির পথ করছি।' বিবিসির প্রতিবেদকের এক প্রশ্নের উত্তরে দক্ষিণ কোরিয়ার ৩০ বছর বয়সী অবিবাহিত এক নারী এই প্রতিক্রিয়া জানিয়েছিলেন। গত সপ্তাহে জনসংখ্যা নিয়ে যে তথ্য প্রকাশিত হয়েছে, তাতে দেখা যাচ্ছে দক্ষিণ কোরিয়ায় ফার্টিলিটি রেট (সন্তান জন্মদানের ক্ষমতা) সর্বনিম্ন রেকর্ড স্পর্শ করেছে।

বর্তমানে দক্ষিণ কোরিয়ায় নারীরা গড়ে মাত্র শূন্য দশমিক ৭২টি শিশু জন্ম দেয়। অথচ একটি দেশের জনসংখ্যা স্থিতিশীল হতে হলে নারীপ্রতি সন্তান জন্মদানের সংখ্যা গড়ে ২-এর কিছুটা ওপরে হতে হয়।

২০ বছর ধরে নারীরা যাতে বেশি করে সন্তান নেন, সেই চেষ্টা করে আসছে দক্ষিণ কোরিয়ার সরকার। এ জন্য তারা ২২৬ বিলিয়ন ডলারের বেশি প্রণোদনা দিয়েছে। বিবিসির প্রতিবেদনে মূল মনোযোগ ছিল, ক্যারিয়ার অথবা পরিবার–এ দুয়ের মধ্যে কোনটা বেছে নিচ্ছেন দক্ষিণ কোরিয়ার নারীরা। এ ছাড়া বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে পড়ার বিপুল খরচ এবং দক্ষিণ কোরিয়ার সমাজে বেড়ে ওঠার ক্ষেত্রে প্রতিযোগিতামূলক জীবন যে দুর্দশা ডেকে আনছে, প্রতিবেদনে তার ওপরও দৃষ্টি দেওয়া হয়।

যা-ই হোক, ২ হাজার ৫০০ শব্দের প্রতিবেদনটিতে কোথাও একবারের জন্য 'অসমতা', 'দারিদ্র্য' অথবা 'অতিদারিদ্র্য'–শব্দগুলো ব্যবহার করা হয়নি। এমন হতে পারে, ইউরোপের বড় দেশগুলোর (আয়ের ভিত্তিতে) চরম অসমতা প্রকাশ হয়, এমন কোনো শব্দ গণমাধ্যম ব্যবহার করতে আগ্রহী নয়। অথবা এটা এমন মনে করা হতে পারে, লাখ লাখ মানুষের কাছে সন্তান না নেওয়ার ব্যাপারটি যেন শুধু তাদের পছন্দ-অপছন্দের বিষয়।

ধনী দেশগুলোর এ বিষয়টা জানা উচিত যে আমাদের সংখ্যা কমে আসছে। মূল উদ্বেগের কারণ হলো, জলবায়ু বিপর্যয়, কৃত্রিম বুদ্ধিমত্তা কিংবা সাম্প্রতিক কালে যেসব বিষয় আমাদের অস্তিত্বের প্রতি হুমকি তৈরি করেছে, তার কোনো কারণে এটা ঘটছে না। এর কারণ হলো জাপান, দক্ষিণ কোরিয়া, ইউরোপের দেশগুলোতে কয়েক দশক ধরে শিশু জন্ম কমতে শুরু করেছে।

আন্তর্জাতিক সংস্থা ইকোনমিক কো-অপারেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (ওইসিডি) নিয়মিতভাবে বৈশ্বিক অসমতার পরিসংখ্যান প্রকাশ করে। সংস্থাটির সর্বশেষ জরিপ বলছে, দক্ষিণ কোরিয়া বিশ্বের সবচেয়ে বৈষম্যমূলক দেশগুলোর মধ্যে ১১তম। একটি দেশে অর্থনৈতিক বৈষম্য এবং সেই দেশটির শিশু জন্মদানের সংখ্যার মধ্যে সরল সম্পর্ক বের করা কঠিন। দক্ষিণ কোরিয়ার চেয়ে ইসরায়েলে অসমতা বেশি, কিন্তু সেখানে সন্তান জন্মদানের হার ২ দশমিক ৯। যুক্তরাজ্যের ক্ষেত্রে বৈষম্য আরও প্রকট। অষ্টম স্থান অধিকারী যুক্তরাজ্যে সন্তান জন্মদানের হার ১ দশমিক ৬। সচ্ছল বিশ্বে যুক্তরাষ্ট্র বৈষম্যের দিক থেকে পঞ্চম। দেশটিতে সন্তান জন্মদানের হার ১ দশমিক ৭।

তাহলে কেন দক্ষিণ কোরিয়ায় সন্তান জন্মদানের সক্ষমতা হার এত কম? ইকোনমিক কো-অপারেশন অ্যান্ড ডেভেলপমেন্টের প্রতিবেদনের প্রতি ইঙ্গিত করে আল-জাজিরা বলছে, দক্ষিণ কোরিয়ায় নারী ও পুরুষের মধ্যে মজুরির বৈষম্য সবচেয়ে বাজে। রয়টার্স বলতে চাইছে, ২০২২ সালে জাপানে সন্তান জন্মদানের হার সর্বনিম্ন ১ দশমিক ২৬ গিয়ে পৌঁছে। চীনের অবস্থা আরও খারাপ। দেশটিতে জন্মহার ১ দশমিক শূন্য ৯।

জন্মহার কমে যাওয়ায় কেউ যেটা বলছে না এবং যেটা সবার বলা উচিত তা হলো, এই বিশ্বে আমরাই (ধনী দেশগুলো) একা নই। বিশ্বে এখন আমাদের সংখ্যা ৮০০ কোটি। কিন্তু এখন পর্যন্ত এ ধরনের গল্পে বারবার করে ধনী দেশগুলোতে কী ঘটছে, সেটাই বলা হয়। যেন অন্য কোথাও মানুষের কোনো অস্তিত্ব নেই। সামগ্রিকভাবে বিশ্ব শিশু জন্মহারের সর্বোচ্চ চূড়ায় উঠেছিল ১৯৯০ সালে। সেটা ৩৪ বছর আগে। সেই শিশুরা প্রাপ্তবয়স্ক হয়ে সন্তান জন্ম দিতে শুরু করলে আরও বড় একটা চূড়া স্পর্শ করার কথা। কিন্তু জাতিসংঘের পূর্বাভাস জানাচ্ছে, আমরা আর শিশু জন্মের সেই বড় চূড়া দেখতে পাব না। বরং ২০৮৬ সাল নাগাদ আমাদের সংখ্যা কমে যাবে।

সচ্ছল বিশ্বের প্রাপ্তবয়স্ক নারী ও পুরুষেরা কীভাবে মনে করছেন যে এই পৃথিবীতে আমাদের সংখ্যা এখন যথেষ্ট, এটা পুরোপুরি ব্যাখ্যা করার সামর্থ্য আমার নেই। কিন্তু এটা পরিষ্কারভাবে জানি যে বিশ্বের অন্যখানে যথেষ্ট সংখ্যক তরুণ-তরুণী রয়েছেন, যাঁদেরকে আমরা কেবল 'নৌকা আটকে দিয়ে' কিংবা 'কুকুর লেলিয়ে দিয়ে' ধনী দেশগুলোতে প্রবেশ করতে দিচ্ছি না এই ভেবে যে তাতে আমাদের রক্তের শুদ্ধতা নষ্ট হয়ে যাবে। অথচ এসব তরুণ-তরুণী যে দেশেরই হোক না কেন, তাঁদের সংখ্যা আমাদের সবার ভবিষ্যতের জন্য যথেষ্ট।

ধনী দেশগুলোর এ বিষয়টা জানা উচিত যে আমাদের সংখ্যা কমে আসছে। মূল উদ্বেগের কারণ হলো, জলবায়ু বিপর্যয়, কৃত্রিম বুদ্ধিমত্তা কিংবা সাম্প্রতিক কালে যেসব বিষয় আমাদের অস্তিত্বের প্রতি হুমকি তৈরি করেছে, তার কোনো কারণে এটা ঘটছে না। এর কারণ হলো জাপান, দক্ষিণ কোরিয়া, ইউরোপের দেশগুলোতে কয়েক দশক ধরে শিশু জন্ম কমতে শুরু করেছে।

ড্যানি ডরলিং অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের হিউম্যান জিওগ্রাফির অধ্যাপক

দ্য গার্ডিয়ান থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষেপে অনূদিত

প্রথম নজর

হেলমেট বিহীন বাইক চালকদের গোলাপ দিয়ে পথ সচেতনতা

রাজু আনসারী ● অরঙ্গাবাদ

আপনজন: পথ সুরাক্ষার সার্থে, পথ চলতি হেলমেট বিহীন মোটর বাইক চালকের গোলাপ ও মিষ্টি খাইয়ে হেলমেট পরিয়ে বাইক চালানোর বার্তা দিলেন মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর পুলিস জেলার সুতি থানা পুলিস ও সুতি ট্রাফিক গার্ড ও এনসিসি কর্মীরা।
ভারত অটো টিভিএস, উদ্যোগে সুতি থানা পুলিস ও সুতি ট্রাফিক গার্ডের সহযোগিতায় মুর্শিদাবাদের সুতিতে পালিত হলো সেভ ড্রাইভ সেফ লাইফ কর্মসুচি।
শনিবার সেভ ড্রাইভ সেফ লাইফের বার্তা সকল পথচারিদের দিতে মধুপুর থেকে সাজুরমোড় বর্নাট পথ সুরাক্ষার রালি অনুষ্ঠিত হয়। পথ চলতে হেলমেট বিহীন বাইক চালকদের গেলাপ ফুল ও মিষ্টি মুখ করিয়ে তাদের কে হেলমেট প্রদান করা হয় রাস্তার মাঝেই। ভারত অটো টিভিএস এর উদ্যোগে সেভ ড্রাইভ সেফ লাইফের অনুষ্ঠান মঞ্চ থেকে সুতি থানা পুলিস ও সুতি ট্রাফিক পুলিশের কর্মরতদের হাতে তুলে দেওয়া হয় রোধ জল থেকে বাঁচতে হেলমেট ও ছাতা। সুতি থানা আইসি প্রসূন মিত্রর মারফত সকল ট্রাফিক পুলিশ কর্মীদের হাতে তুলে দেওয়া হয় ছাতা ও হেলমেড।
এদিনের সেভ ড্রাইভ সেফ লাইফের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুতি ২ এর বিডিও হুমায়ন চৌধুরী, সুতি থানার আইসি প্রশুন মিত্র, সুতি সাব গার্ডের ওসি বিদ্যুৎ কুমার মন্ডল, কাশিমনগর হাইস্কুলের প্রধান শিক্ষক জুলফিকার আলি ভারত অটো টিভিএসের কর্নধার বিশিষ্ট সমাজসেবী মহঃ ইশা, কামাল হাসান, সহ জঙ্গিপুর সুতি, সামসেরগঞ্জ, ফরাক্কার একঝাঁক সাংবাদিক গন। এদিন পথ সুরাক্ষার পাসাপাসি ভারত অটো টিভিএসের তরফে আনুষ্ঠানিক ভাবে বনভোজন ও মেকানিক মিট কর্মসুচিতে সুতি সামসেরগঞ্জের

অরূপকে প্রার্থী করায় বাঁকুড়ায় উচ্ছ্বাস মিছিল

আপনজন: বাঁকুড়া লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী অরূপ চক্রবর্তী নাম ঘোষণা হতেই উচ্ছ্বাসিত জেলা তৃণমূল কর্মীরা। বাঁকুড়ার ভৈরবস্থান মোড়ে এদিন জেলা তৃণমূল শ্রমিক সংগঠন আইএনটিটিইউসি পক্ষ থেকে সবুজ আবির খেলে, মিষ্টিমুখ করে, বাজি ফাটিয়ে উচ্ছ্বাস প্রকাশ করলেন কর্মীরা। বাঁকুড়ার ভূমিপুত্র, বর্ষিয়ান পোড়খাওয়া রাজনীতিবিদ, বাঁকুড়া জেলা তৃণমূল সভাপতি ও তালডাংরার বিধায়ক অরূপ চক্রবর্তীকে দল প্রার্থী করাই খুশি তৃণমূল কর্মীরা। ছবি ও তথ্য: সঞ্জীব মল্লিক

বারুইপুরে মানবিক মুখ গোপাল মেমোরিয়ালের

সাইফুল লস্কর ● বারুইপুর

আপনজন: বারুইপুরের খোদার বাজার মিস্ত্রি পাড়ার এক অসহায় পরিবারের একমাত্র আয়ের মাধ্যম তরতাজা যুবক আজহরুদ্দিন দুর্ঘটনা জনিত কারণে অসহায় প্রতিবন্ধী। একটি ট্রাই সাইকেলের খোঁজে নিঃস্ব পরিবার আবেদন রাখেন। মানবিক কারণে মানুষের পাশে থাকার উদেশ্যে কলকাতার সন্তোষপুর এলাকার গোপাল কর্মকার মেমোরিয়াল সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটির তরফে স্থানীয় ঈদগা ময়দানে ছোট অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে ট্রাই সাইকেল তুলে দেওয়া হয় আজাহারুদ্দিনের হাতে। ট্রাই সাইকেল প্রদানের সাথে ২৫ জন মায়েদের বস্ত্র প্রদান এবং ২৫ জন শিশুদের স্কুল ব্যাগ,খাতা, পেন্সিল, পেন্সিল কাটার ও একটি করে কলম দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কনা সাহা, তপন চক্রবর্তী, অমল কর্মকার। তারা বলেন, প্রত্যেক মানুষ মানুষকে ভালোবাসবে এটাই তো ধর্ম - আমরা অঙ্গীকারবদ্ধ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বারুইপুর থানার আইসি সৌম্যজিৎ রায়।তিনি বলেন আমাদের সমাজের অসহায় মানুষদেরকে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে। এটাই আমাদের বড় ধর্ম।
এছাড়া উপস্থিত ছিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড.ফারুক রহমান। তিনি বলেন সত্য কারের মানুষ মানুষের পাশে থাকে আজকে তার উদাহরণ গোপাল কর্মকার সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি তার উদাহরণ।
অনুষ্ঠানটি সঞ্চালন করেন সাংবাদিক ওয়ারিশ লস্কর ও সহমর্মীর সম্পাদক সাজ্জাদ হোসেন আখন, নাসির উদ্দিন মোল্লা, ডাক্তার লুৎফর রহমান, ডব্লুবিসিএস আধিকারিক হাসিবুর রহমান প্রমূখ। গ্রামবাসীরা উপহার পেয়ে খুবই আনন্দিত।

সন্দেশখালি নিয়ে মিথ্যে কথা বলছেন মোদিজি : ফিরহাদ

সুব্রত রায় ● কলকাতা

আপনজন: কলকাতায় জনগর্জন হবে, আর দিল্লী কাঁপবে। এর শুরু হয়েছিল অভিষেক বন্দ্যোপাধ্যায়ের হাত ধরে দিল্লিতে। আমরা সকলে সেখানে গিয়েছিলাম। মন্ত্রী পালিয়ে গিয়েছিলেন। রবিবার ব্রিগেডে জনগর্জন সভায় বক্তব্য রাখতে গিয়ে এই মন্তব্য করেন রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম। তিনি বলেন ,আর্থিক পরিস্থিতি দুর্বল থাকা সত্ত্বেও মমতা বন্দ্যোপাধ্যায় ১০০ দিনের কাজের টাকা রাজ্যের মানুষকে দিয়েছেন। অন্যদিকে নরেন্দ্র মোদী বঙ্গে সফরে এসে শুধু কুৎসা করে যাচ্ছেন। সন্দেশখালি নিয়ে মিথ্যা অপবাদ দিচ্ছেন। যেদিনকে প্রকাশ্যে সন্দেশখালির ঘটনায় দলের শিবপ্রসাদ হাজরা সহ কয়েকজন কর্মীর নাম সামনে এসেছে তাদের বিরুদ্ধে দল ব্যবস্থা নিয়েছে। অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছিলেন সন্দেশখালির ঘটনায় যে অভিযোগ আসছে শেখ শাহজাহানের বিরুদ্ধে তাকে গ্রেফতারের ক্ষেত্রে হাইকোর্টের কিছু বন্ধকতা রয়েছে। সেই বন্ধকতা হাইকোর্ট সরিয়ে নিলে তৎক্ষণাৎ শাহজাহান গ্রেফতার হবে। তার সেই কথা সত্য প্রমাণিত হয়েছে হাইকোর্ট গ্রেফতারি নিয়ে অবস্থান পরিষ্কার করা মাত্র শাহজাহান গ্রেফতার হয়েছে। কিন্তু তারপরেও বিজেপি আর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সন্দেশখালি নিয়ে মিথ্যে কথা বলছেন, কুৎসা রটাচ্ছেন। কোন অন্যায়কে প্রশ্রয় দেয় না তৃণমূল কংগ্রেস। ফিরহাদ হাকিম এদিন স্পষ্ট দাবি করেন বিজেপির এই ঔদ্ধত্যের জবাব মানুষ আসন্ন লোকসভা নির্বাচনে দেবে। বাংলাকে নিয়ে নরেন্দ্র মোদী যে অপবাদ ও কুৎসা রটানোর খেলায় মেতেছে এর জবাব তিনি পাবেন।
হিন্দি শায়েরির সুরে ফিরহাদ হাকিমকে বলতে শোনা যায় জনগণ যখন মুঠি এক করে আওয়াজ তুলবে তখন মোদি সরকার শেষ হয়ে যাবে। ফিরহাদ হাকিম ব্রিগেডের মাঠ থেকে হুঁশিয়ারির সুরে বলেন, দিল্লির টনক এখনো নড়ে নি। মোদি জি এসে সন্দেশখালি নিয়ে মিথ্যে কথা বলে যাচ্ছেন। অথচ সন্দেশখালি নিয়ে যা কিছু করার তা তৃণমূল করেছে। বিজেপি বা তৃণমূল কিছু করতে পারে নি। এদিন ব্রিগেডের জনসভা থেকে যুবসমাজকে বিজেপি তথা মোদী সরকারের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান জানান।

শান্তিনিকেতন মেডিকেল কলেজে কিডনি চিকিৎসা কেন্দ্র করার উদ্যোগ

আমীরুল ইসলাম ● বোলপুর

আপনজন: পরিসংখ্যান বলছে সারা দেশের প্রতি বছর দু লক্ষ মানুষ শুধুমাত্র কিডনি রোগে আক্রান্ত হয়ে মারা যান। দেশের মোট জনসংখ্যার ১৭.৪% মানুষ এখন কিডনির রোগে আক্রান্ত। শুধু তাই নয় সারা বিশ্বের পরিসংখ্যান অনুসারে ভারতবর্ষে কিডনি আক্রান্ত রোগীর সংখ্যা অনেক বেশি। এই ভয়ানক পরিসংখ্যান চিকিৎসকদের ভাবিয়ে তুলেছে। দেখা যাচ্ছে শুধুমাত্র হাই প্রেসার, সুগার বা অন্যান্য নানা কারণ নয়, অবহেলার কারণে, সঠিক সময়ে চিকিৎসা শুরু না হওয়া – রোগী মৃত্যুর অন্যতম কারণ।
সঠিক সময়ে সাধারণ মানুষকে সুচিকিৎসা দিতে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে চলেছে শান্তিনিকেতন মেডিকেল কলেজ ও হাসপাতাল। খুব শীঘ্রই রাজ্যের অন্যতম বিখ্যাত কিডনি রোগের চিকিৎসা কেন্দ্র নেফ্রোন কেয়ার ইন্ডিয়া লিমিটেড এর সাথে যৌথ উদ্যোগে শান্তিনিকেতন মেডিকেল কলেজ ও হাসপাতালে কিডনির অত্যাধুনিক চিকিৎসা কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। এর সফল রুপায়নে কিডনি রোগের চিকিৎসার জন্য জেলা ও সংলগ্ন জেলার মানুষকে আর দূরে কোথাও যাওয়ার প্রয়োজন হবে না।
আজ রবিবার ১০ই মার্চ শান্তিনিকেতন মেডিকেল কলেজ ও হাসপাতালে এক আলোচনা সভার আয়োজন করা হয়েছিল। "CKD: An Emerging Epidemic" শীর্ষক এই আলোচনা সভায় প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন প্রখ্যাত নেফ্রোলজিস্ট এবং কিডনি ট্রান্সপ্ল্যান্ট বিশেষজ্ঞ এবং নেফ্রন কেয়ার ইন্ডিয়া লিমিটেডের ডিরেক্টর ডাঃ প্রতীম সেনগুপ্ত।
এদিনের সভায় শান্তিনিকেতন মেডিকেল কলেজ ও হাসপাতালে একটি কিডনি চিকিৎসার অত্যাধুনিক কেন্দ্র গড়ে তোলার ইঙ্গিত দেওয়া হয়।
কলেজের সভাপতি মলয় পীট জানান, সুপার স্পেশালিটি হাসপাতাল গড়ে তুলতে গেলে হার্ট, লিভার, কিডনি, গ্যাসট্রোর মতো ইউনিট খোলার প্রয়োজন আছে।

রানাঘাটে চলছে লাগাতার রুট মার্চ

আরবাজ মোল্লা ● নদিয়া

আপনজন: রানাঘাট লোকসভা কেন্দ্রের চলছে লাগাতার রুট মার্চ।সেনাবাহিনীদের জুতোর শব্দে সতর্ক দুষ্কৃতীরা অন্যদিকে আশ্বস্ত সাধারণ ভোটার। নির্বাচনের দিনক্ষণ এখনো ঘোষিত না হলেও বিভিন্ন ঘটনার পরিপ্রেক্ষিতে স্পর্শকাতর এলাকাগুলিতে খোঁজখবর নিতে ইতিমধ্যেই ১০০ কোম্পানি সেনা জওয়ান চলে এসেছে রাজ্য।যার মধ্যে নদীয়ার কৃষ্ণনগর এবং রানাঘাট দুটি লোকসভা কেন্দ্রেই চার কোম্পানি করে।রাণাঘাটের সেনা জওয়ান রয়েছে ফুলিয়ার কর্মতীর্থে।সেখানে উপস্থিত হওয়ার পর শান্তিপুর বিধানসভার বিভিন্ন স্পর্শকাতর এলাকা রুট মার্চ সারছেন তারা। খোঁজখবর নিচ্ছেন বিগত ভোটে কোনো সমস্যার বিষয়ে। এলাকার বিভিন্ন বুথ ঘুরে দেখছেন তারা। অন্যদিকে শান্তিপুর থানার পুলিশ প্রশাসন এর পক্ষ থেকেও সাধারণ মানুষকে আশ্বস্ত করে দেওয়া হচ্ছে শান্তিপুর থানার ফোন নাম্বার।যেকোনো অপ্রীতিকর ঘটনার পরিপ্রেক্ষিতে সাথে সাথে শান্তিপুর থানায় জানানোর অনুরোধ জানানো হচ্ছে। অন্যদিকে সাধারণ মানুষ কেন্দ্রীয় বাহিনীর আগমনকে স্বাগত জানিয়ে জানাচ্ছেন তারা নির্ভয়ে ভোট দিতে চান সেক্ষেত্রে অপ্রীতিকর কোন ঘটনা ছাড়াই সুস্থভাবে ভোট পরিচালনা হোক এটাই কাম্য।

রঘুনাথগঞ্জে কেরিয়ার গাইডেন্স

নিজস্ব প্রতিবেদক ● মুর্শিদাবাদ

আপনজন: রঘুনাথগঞ্জ ব্লকের পক্ষ থেকে আয়োজিত হল কেরিয়ার গাইডেন্স প্রোগ্রাম।উক্ত প্রোগ্রামে প্রায় ১৮০ জন ছাত্র ছাত্রী উপস্থিত ছিল। মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পড়ুয়াদের ক্যারিয়ারের সঠিক দিকনির্দেশনা দিতে এসআইও রঘুনাথগঞ্জ ব্লকের উদ্যোগে জঙ্গীপুর মুনিরিয়া হাই মাদ্রাসায় আয়োজিত হল 'ক্যারিয়ার গাইডেন্স ও কাউন্সেলিং প্রোগ্রাম'।
বিভিন্ন পেশার ক্যারিয়ার বিশেষজ্ঞরা উক্ত প্রোগ্রামে ক্যারিয়ার সম্পর্কে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন। প্রোগ্রামে বিভিন্ন বিভাগের উপর আলোকপাত করেন প্রফেসর ড.আয়াতুল্লাহ ফারুক মোল্লা স্যার(আলিয়া ইউনিভার্সিটি) রিসার্চ স্কলার ও প্রাইমারি শিক্ষক আমিনুর রহমান স্যার,প্রাইমারি টিচার মুজতবা আহমেদ স্যার তৌসিফ মন্ডল।
এছাড়াও উপস্থিত ছিলেন এসআইও উত্তর মুর্শিদাবাদ সাংগঠনিক জেলার জয়েন্ট সেক্রেটারি জসিম সেখ, ক্যাম্পাস সেক্রেটারি মুসান্না আল মুত্তাকি, ব্লক সভাপতি মো মিনহাজুদ্দিন, ব্লক সেক্রেটারি রোহিত সেখ, ব্লক পি.আর সেক্রেটারি সাইদ আফ্রিদি,কিশোর অঙ্গন সেক্রেটারি রাহিবুল সেখ,ব্লক ক্যাম্পাস সেক্রেটারি মীযানুর রহমান প্রমুখ।

শিক্ষা ও আইনি সচেতনতা সভা সোনাকুলে

নিজস্ব প্রতিবেদক ● হরিশ্চন্দ্রপুর

আপনজন: মালদহের হরিশ্চন্দ্রপুর-২ ব্লকের সোনাকুল মাঠে শনিবার শিক্ষা ও আইনি সচেতনতা, বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা ও ওষুধ প্রদান কর্মসূচি পালন করা হয়। এদিন এক সমাজ কল্যাণমূলক স্বেচ্ছাসেবী সংস্থার পক্ষ থেকে এই কর্মসূচি পালিত হয়েছে। অনুষ্ঠানের শুরুতে হরদম নগর চৌরাস্তা থেকে সোনাকুল মাঠ পর্যন্ত সাড়ে তিন কিমি মিনি ম্যারাথন দৌড় অনুষ্ঠিত হয়।এরপর এলাকার বাসিন্দাদের স্বাস্থ্য পরীক্ষা করেন রামপুরহাট মেডিক্যাল কলেজ ও হাসপাতালের চিকিৎসক আশিক আলম, কুশিদা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক সুফিন আক্তার। সংস্থার পক্ষে সাজিদ হোসেন বলেন,আইনি সচেতনতা শিবিরে 'ঘৃণা মূলক অপরাধের বিরুদ্ধে প্রতিবাদ' শীর্ষক বিষয়ে বক্তব্য রাখেন আইনজীবী শেখ খুরশিদ আলম সহ অন্যান্য আইনজীবীগণ। সন্ধ্যার পরে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের নিয়ে কেরিয়ার কাউন্সেলিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।কেরিয়ার কাউন্সেলিং বিষয়ক আলোচনায় অংশ গ্রহণ করেন নেতাজি নগর কলেজের অধ্যাপক সাদ্দাম হোসেন, শিক্ষক মৃণ্ময় ভট্টাচার্য সহ অন্যান্য শিক্ষাবিদগণ। এদিন কৃতী পড়ুয়াদের অভিভাবকদেরও সংবর্ধনা প্রদান করা হয়েছে।

বালুরঘাটে তৃণমূল প্রার্থী বিপ্লব মিত্র

অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট

আপনজন: কানাঘুষা চলছিল, অবশেষে সব জল্পনা কে সত্যি করেই বালুরঘাট লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের প্রার্থী হলেন বিপ্লব মিত্র। ব্রিগেডের 'জনগর্জন' সভা থেকেই আসন্ন লোকসভা ভোট ২০২৪-এর প্রার্থী তালিকা ঘোষণা করে তৃণমূল কংগ্রেস। সেখানেই তাঁকে এবার বালুরঘাট কেন্দ্রের প্রার্থী করা হয়েছে। উল্লেখ্য, বালুরঘাট লোকসভা কেন্দ্রে ২০১৯ সালে প্রার্থী হয়েছিলেন অর্পিতা ঘোষ। সেবার বিজেপি প্রার্থী সুকান্ত মজুমদারের কাছে পরাজিত হন তিনি। এবারে এই কেন্দ্র থেকে প্রার্থী করা হয়েছে রাজ্যের ক্রেতা সুরক্ষা মন্ত্রী বিপ্লব মিত্র কে। অন্যদিকে, এবারও ভারতীয় জনতা পার্টির রাজ্য সভাপতি ডক্টর সুকান্ত মজুমদার এই আসন থেকে ভোটে লড়বেন। রাজনৈতিক ময়দানে কোন পক্ষই যে একে অপরকে এক ইঞ্চি জায়গাও ছাড়বে না, সে-কথা বলাই বাহুল্য। অন্যদিকে, আসন্ন লোকসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসের প্রার্থী হিসেবে বিপ্লবী মিত্রের নাম ঘোষণা হতেই এদিন বালুরঘাট পৌরসভার ১১ ও ৮ নম্বর ওয়ার্ডে দেয়াল লিখন শুরু করে দেয় তৃণমূল কংগ্রেসের কর্মীদের সমর্থকেরা। একইভাবে দিন কয়েক আগে ভারতীয় জনতা পার্টির প্রার্থী তালিকা ঘোষণা করার হয়। যেখানে বালুরঘাট কেন্দ্র থেকে পুনরায় প্রার্থী করা হয় সুকান্ত মজুমদারকে। তাঁর হয়ে প্রচারে নেমে বিধায়ক তথা বিশিষ্ট অর্থনীতিবিদ ড.অশোক লাহিড়ী কে দেওয়াল লিখন করতে দেখা যায়। এ বিষয়ে ভারতীয় জনতা পার্টির দক্ষিণ দিনাজপুর জেলা সভাপতি স্বরূপ চৌধুরী জানান, 'আমাদের প্রার্থী ডক্টর সুকান্ত মজুমদার। তিনি জেলার মানুষের চাহিদার ব্যক্তি হয়ে উঠেছেন। তিনি জেলার উন্নয়নে অনেক কাজ করেছেন। জনগণ ভারতীয় জনতা পার্টির প্রার্থীকে ঢেলে ভোট দেবেন। জয়ের বিষয়ে আমরা সম্পূর্ণ আশাবাদী।' অন্যদিকে, এই দাবি কে নস্যাৎ করে দিয়ে বিপুল ভোটে বিপ্লব মিত্র জয়যুক্ত হবেন বলেই এদিন দেয়াল লিখনের সময় তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকেরা জানান। সবমিলিয়ে কেন্দ্র ও রাজ্যের দুই শাসকদলের প্রার্থীদের নিয়ে রাজনৈতিক ময়দানে লড়াই শুরু হয়ে গিয়েছে।

আগে বাকি থাকা কাজ শেষ করতে চান প্রতিমা

চন্দনা বন্দ্যোপাধ্যায় ● জয়নগর

আপনজন: কলকাতার বিগ্রেড থেকে এবারের লোকসভা নির্বাচনের ৪২ টি আসনের প্রার্থী তালিকা ঘোষণা করেছে তৃণমূল কংগ্রেস।এদিন অভিষেক বন্দ্যোপাধ্যায় এই নাম ঘোষণা করেন।দক্ষিন ২৪ পরগনার চারটি লোকসভা আসনে এবার দুটি আসনে নতুন মুখ আনা হলো। যাদবপুর কেন্দ্রে প্রতিবার প্রার্থী বদল করে তৃণমূল।আর এই কেন্দ্রে এবারে প্রার্থী হয়েছে তৃণমূল যুব কংগ্রেসের রাজ্য সভাপতি অভিনেত্রী সায়নী ঘোষ।মথুরাপুর কেন্দ্রে এবারে প্রার্থী বদল করেছে তৃণমূল। সেখানে এবারে নতুন মুখ জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা জেলা পরিষদের কর্মাধ্যক্ষ বাপি হালদার।ডায়মন্ডহারবার ও জয়নগরে আবার পুরনো মুখের ওপর ভরসা রাখলো তৃণমূল। ডায়মন্ড হারবারে অভিষেক বন্দ্যোপাধ্যায় ও জয়নগরে প্রতিমা মন্ডল।২০১৯ সালে তিন লাখ ১৬ হাজার ভোটে জয়ী হয়েছিলেন তৃণমূল কংগ্রেসের প্রতিমা মন্ডল।এদিন নাম ঘোষণার পরে জয়নগরের বিদায়ী সাংসদ তথা এবারের প্রার্থী প্রতিমা মন্ডল বলেন,জয়নগর লোকসভা কেন্দ্রে গত দশ বছর মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের শরিক হয়ে কাজ করে চলেছি।আমাকে আবার মনোনীত করার জন্য ধন্যবাদ।আমি বাকি থাকা কাজ গুলোকে শেষ করবো এবং মুখ্যমন্ত্রীর উন্নয়নকে সুন্দরবনের মানুষের কাছে আরও তুলে ধরতে চাই।ওদিকে মথুরাপুর কেন্দ্রে তৃণমূল কংগ্রেসের প্রার্থী বাপি হালদার ও জেতার ব্যাপারে পুরোপুরি আশাবাদী বলে জানালেন।

নাবাবিয়া মিশনের উজ্জ্বল প্রাক্তনীদের শিক্ষার বিকাশ ঘটানোর অঙ্গীকার

নিজস্ব প্রতিবেদক ● হুগলি

আপনজন: হুগলির খানাকুলের নাবাবিয়া মিশনের প্রাক্তনীদের নিয়ে গঠিত হল নাবাবিয়া মিশন অ্যালুমনি অ্যাসোসিয়েশন। তাদের বার্ষিক সম্মেলনে এইসব উজ্জ্বল প্রাক্তনীরা নাবাবিয়া মিশনের সম্পাদক সেখ সাহিদ অকবারের কাঁধে কাঁধ মিলিয়ে শিক্ষার নবজাগরণে এগিয়ে যাওয়ার অঙ্গীকার করেন। এদিন নতুন কমিটি গঠিত হয় প্রাক্তনীদের। তারা হলেন, সভাপতি এস.কে. খায়রুল আলম, সচিব ড. মোল্লা আনিসুল, সহ-সচিব- ড. আফতাবুদ্দিন, ভাইস চেয়ারম্যান ড. মুস্তাফিজুর রহমান, কোষাধ্যক্ষ কাজী মাহমুদুল হক ও এসকে সাইফুদ্দিন, কো-অর্ডিনেটর- ফরহাদুল ইসলাম ও সুজন খান। মূল কমিটির সদস্যরা আসিফুল ইসলাম, নঈমুদ্দিন লস্কর, এসকে মনিরউদ্দিন, সোহেল মোল্লা, ইত্তেফাক জালাল।

ছড়িয়ে-ছিটিয়ে

কেন্দ্র-রাজ্যকে আক্রমণ বিমান বসুর

নিজস্ব প্রতিবেদক ● উলুবেড়িয়া

আপনজন: গ্রামীণ হাওড়ার উলুবেড়িয়ার গোরুহাট মাঠের পাশেই বামফ্রন্টের দলীয় কার্যালয় "অঞ্জলি ঘোষ" ভবন-এর উদ্বোধন এবং জনসভার মাধ্যম দিয়ে লোকসভা নির্বাচনেরও প্রচার শুরু করে দিল বামফ্রন্ট। উদ্বোধনের পর রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেস এবং কেন্দ্রের শাসকদল বিজেপি-কে একযোগে তীব্র আক্রমণ শানান বিমান বসু। উল্লেখ্য,এদিনই তৃণমূল কংগ্রেসের উলুবেড়িয়ার প্রার্থীর নাম ঘোষণা প্রসঙ্গে সিপিআইএম হাওড়া জেলা কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য সাবিরউদ্দিন মোল্লা জানান, প্রচারের দিক থেকে তৃণমূল কংগ্রেস বামফ্রন্টের থেকে অনেক পিছিয়ে রয়েছে। এদিন বিমান বসু ছাড়াও উপস্থিত ছিলেন সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য শ্রীদীপ ভট্টাচার্য,রাজ্য কমিটির সদস্য পরেশ পাল, হাওড়া জেলা কমিটির সম্পাদক দিলীপ ঘোষ, জেলা কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য সাবিরউদ্দিন মোল্লা প্রমুখ।

শুরু ভারত বাংলাদেশ মৈত্রী মেলা

দেবাশীষ পাল ● মালদা

আপনজন: প্রদীপ প্রজ্জলন করে ভারত বাংলাদেশ মৈত্রী মেলার আনুষ্ঠানিক উদ্বোধন।মালদা মার্চেন্টস চেম্বার অব কমার্স ও বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ মার্চেন্ট চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রি এবং জেলা প্রশাসনের সহযোগিতায় মালদা কলেজ ময়দানে মৈত্রী মেলার আনুষ্ঠানিক উদ্বোধন। মেলা চলবে, ৯ই থেকে ১২ মার্চ পর্যন্ত। উপস্থিত ছিলেন, মালদা জেলা অতিরিক্ত জেলা শাসক পীযূ সালুঙ্খে,মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্সের সভাপতি জয়ন্ত কুন্ডু, সম্পাদক উত্তম বসাক, বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রির সভাপতি আব্দুল ওয়াহেদ সহ অন্যান্য ব্যবসায়ীরা। বাংলাদেশের নকশী কাঁথা, লুঙ্গি, অর্নামেন্ট, ম্যাজিক মশারি, জামদানি শাড়িসহ বিভিন্ন ধরনের সামগ্রী নিয়ে উপস্থিত হন মহিলা হস্তশিল্পীরা।

চৌহাটি মাদ্রাসা বিতরণ করল ইফতার সামগ্রী

নিজস্ব প্রতিবেদক ● সোনারপুর

আপনজন: সোনারপুরের চৌহাটির মদিনা নগর ইসলামিক এডুকেশন এন্ড ওয়েলফেয়ার ট্রাস্টের তরফে দারুল উলুম তাজবিদুল কুরআন মাদ্রাসা থেকে ইফতারের সরঞ্জাম বিতরণ করা হয় ২০০ গরিব পরিবারকে।
উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী হাজী ইউসুফ মোল্লা, প্রাক্তন কংগ্রেস নেতা আব্দুর রহমান মোল্লা সাহেব, কুলদিয়া হাই মাদ্রাসার প্রাক্তন প্রধান শিক্ষক জনাব আবুল বাশার, ডাক্তার শফিউল্লাহ, পশ্চিমবঙ্গ রাজ্যের স্বাস্থ্য অধিকারিক রাহমাতুল্লাহ, মাহফুজ সাহেব, কারী রিয়াজ উদ্দিন, আবুল কালাম খান, মাস্টার বাবলু দেবনাথ, সিরাজ মোল্লা। সভাটি পরিচালনা করেন মদিনা নগর ইসলামিক এডুকেশন এন্ড ফেয়ার টেস্ট এর সম্পাদক মাওলানা ইমাম হোসেন মাজাহিরি।

হ্যাটট্রিকের রেকর্ড ভেঙে কেইন বললেন, ‘আরও আসছে’

আপনজন ডেস্ক: বায়ার্ন মিউনিখের দুঃসময়েও দারুণ সুসময় পার করছেন হ্যারি কেইন। ম্যাচের পর ম্যাচ গোল করছেন আর রেকর্ড ভেঙে চলেছেন। গতকাল রাতে মাইনৎসের বিপক্ষে ৮-১ গোলে জয়ের পথে হ্যাটট্রিক করেছেন এ ইংলিশ স্ট্রাইকার। এটি ছিল বায়ার্নের জার্সিতে ৩০ ম্যাচে কেইনের চতুর্থ হ্যাটট্রিক।
বুন্দেসলিগার ইতিহাসে প্রথম মৌসুমে চারটি হ্যাটট্রিক করতে পারেননি আর কোনো ফুটবলার। পাশাপাশি লিগ ম্যাচে ৮ দলের বিপক্ষে দুই বা তার বেশি গোল করেছেন কেইন। অভিষেকে যা আর কেউ করে দেখাতে পারেননি। তবে গোলবন্যা বইয়ে দিলেও, এখনই থামতে চান না কেইন। আরও রেকর্ড ভাঙার প্রত্যয়ের কথা জানিয়েছেন তিনি।
গতকাল নিজের হ্যাটট্রিক ও দলের জয় সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামেও উদ্‌যাপন করেছেন কেইন। সেখানে এক পোস্টে লিখেছেন, ‘আরও আসছে।’ কেইনের এই বার্তাকে বায়ার্নের সাবেক স্ট্রাইকার রবার্ট লেভানডফস্কির জন্য পরোক্ষ হুমকি হিসেবেও দেখছেন অনেকে। লেভার আরও একটি রেকর্ড যে এখন ভাঙার অপেক্ষায়। বুন্দেসলিগায় এক মৌসুমে (২০২০-২১ মৌসুম) সর্বোচ্চ ৪১ গোলের রেকর্ড এখন এ পোলিশ স্ট্রাইকারের দখলে। অন্যদিকে কেইন ২৫ ম্যাচেই করেছেন ৩০ গোল। লিগে কেইনের এখনো ৯ ম্যাচ বাকি। অর্থাৎ লেভার রেকর্ড ভাঙতে হলে কেনইকে করতে হবে ৯ ম্যাচে ১২ গোল। ৩০ বছর বয়সী এ স্ট্রাইকার যে ছন্দে এগোচ্ছেন, এ রেকর্ড ভাঙা মোটেই কঠিন নয়। কেইনের এমন রেকর্ড ভাঙা মৌসুমের পরও বায়ার্ন কি এবার লিগ শিরোপা জিততে পারবে? পয়েন্ট তালিকার দিকে তাকালে কাজটা শুধু কঠিনই নয়, অসম্ভবই মনে হবে। শীর্ষে থাকা বায়ার লেভারকুসেনের চেয়ে এক ম্যাচ বেশি খেলে ৭ পয়েন্টে পিছিয়ে আছে বায়ার্ন। ২৪ ম্যাচে লেভারকুসেনের পয়েন্ট ৬৪ আর ২৫ ম্যাচে বায়ার্নের পয়েন্ট ৫৭। আজ রাতে নিজেদের ম্যাচে লেভারকুসেন জয় পেলে সেই পার্থক্য গিয়ে দাঁড়াবে ১০-এ। অর্থাৎ লিগ শিরোপার নিয়ন্ত্রণ এখন আর বায়ার্নের হাতে নেই। শুধু লেভারকুসেনের আশ্চর্য পতনই পারে বায়ার্নকে সুযোগ তৈরি করে দিতে। তবে জার্মান রেকর্ড গড়ে সব প্রতিযোগিতা মিলিয়ে টানা ৩৫ ম্যাচে অপরাজিত থাকা দলটি আদৌ কি সে সুযোগ বায়ার্নকে দেবে?
আশা অবশ্য ছাড়ছেন না বায়ার্ন মিডফিল্ডার লিওন গোরেৎসকা, ‘এটা সহজ জয় ছিল। এমন জয় আমরা এ মৌসুমে মিস করছিলাম। নিজেদের সেরাটা উজাড় করে দেওয়াই আমাদের কর্তব্য। এখন লেভারকুসেন যদি পা ফসকায়, আমাদের সে সুযোগ নিতে হবে।’

আবারও তিন সংস্করণে এক নম্বর স্থানে ভারত

আপনজন ডেস্ক: হায়দরাবাদে প্রথম টেস্ট হেরে যাওয়ার পর ইংল্যান্ডের বিপক্ষে সিরিজে ঘুরে দাঁড়ায় ভারত। বিশাখাপট্টনম, রাজকোট, রাঁচি ও ধর্মশালায় টানা চার ম্যাচ জিতে সিরিজে ইংল্যান্ডকে উড়িয়ে দিয়েছে রোহিত শর্মার দল। ঘুরে দাঁড়িয়ে দুর্দান্ত এই সিরিজ জয়ের অন্যরকম একটি পুরস্কারও দ্রুতই পেয়ে গেছে ভারত। অস্ট্রেলিয়াকে সরিয়ে আইসিসির টেস্ট র‍্যাঙ্কিংয়ে এক নম্বরে উঠে গেছে তারা। এই মুহূর্তে আইসিসি র‍্যাঙ্কিংয়ের তিন সংস্করণেই এক নম্বর দল ভারত। সর্বশেষ প্রকাশিত র‍্যাঙ্কিংয়ে ভারত শীর্ষে আছে ১২২ রেটিং পয়েন্ট নিয়ে। দ্বিতীয় স্থানে থাকা অস্ট্রেলিয়ার রেটিং পয়েন্ট ১১৭। ইংল্যান্ড ১১১ পয়েন্ট নিয়ে আছে তৃতীয় স্থানে। ৫১ রেটিং পয়েন্ট নিয়ে বাংলাদেশ আছে নয় নম্বরে। নিউজিল্যান্ডে টেস্ট সিরিজ খেলছে অস্ট্রেলিয়া। প্রথম টেস্ট জিতে সিরিজে এগিয়ে আছে তারা। আজ ছিল দ্বিতীয় ও শেষ টেস্টের তৃতীয় দিন। ২৭৯ রানের জয়ের লক্ষ্যে খেলতে নেমে ৪ উইকেট হারিয়ে ৭৭ রান তুলে তৃতীয় দিনের খেলা শেষ করেছে অস্ট্রেলিয়া। তবে এই টেস্টের ফল যেটাই হোক, তার কোনো প্রভাব র‍্যাঙ্কিংয়ে পড়বে না। ২০২৪ সালটা টেস্ট র‍্যাঙ্কিংয়ের এক নম্বরে থেকেই শুরু করেছিল ভারত। দক্ষিণ আফ্রিকার সঙ্গে দুই ম্যাচের সিরিজ ১-১-এ ড্র করে দুইয়ে নেমে যায় রোহিত শর্মার দল। অন্যদিকে ঘরের মাঠে পাকিস্তানকে ৩-০তে হারিয়ে শীর্ষে উঠেছিল অস্ট্রেলিয়া। টেস্ট, ওয়ানডে ও টি-টোয়েন্টি–তিন সংস্করণেই র‍্যাঙ্কিংয়ের শীর্ষে থাকা ভারত বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট তালিকায়ও এক নম্বরে।

সৌদি আরবে যাওয়ার গুঞ্জন নিয়ে অবশেষে মুখ খুললেন সালাহ

আপনজন ডেস্ক: লিওনেল মেসিকে নিয়ে গুঞ্জন উঠেছিল, তিনি সৌদি আরবের ফুটবলে যাননি। গুঞ্জন ছিল নেইমারকে নিয়ে, তিনি সৌদি আরবের ফুটবলে গেছেন। এখন সৌদি আরবের ফুটবলে যাওয়ার বিষয়ে গুঞ্জন চলছে মোহাম্মদ সালাহকে নিয়ে। গুঞ্জনটা অনেক দিনের, কিন্তু এটা বেগবান হয়েছে ইয়ুর্গেন ক্লপ মৌসুম শেষে লিভারপুল ছাড়ার ঘোষণা দেওয়ার পর। বিষয়টি নিয়ে এত দিন কোনো কথা বলেননি সালাহ। তবে গুঞ্জনের পালে ইদানীং লেগেছে জোর বাতাস। এ কারণেই হয়তো বিষয়টি নিয়ে কথা বলতে হলো লিভারপুলের মিসরীয় তারকাকে। অবশেষে সৌদি আরবে যাওয়ার গুঞ্জন নিয়ে মুখ খুলেছেন সালাহ।
লিভারপুলের সঙ্গে সালাহ, ট্রেন্ট আলেক্সান্ডার-আরনল্ড ও ভার্জিল ফন ডাইকের সঙ্গে লিভারপুলের বর্তমান চুক্তির মেয়াদ আছে আর দেড় বছর। এ কারণেই সম্প্রতি এ তিনজনকে একটা প্রশ্ন শুনতে হচ্ছে–প্রিয় বসের সঙ্গে কি অ্যানফিল্ড থেকে বিদায় নেবেন তাঁরাও!
এ প্রশ্নের উত্তরে স্কাই স্পোর্টসকে সালাহ বলেছেন, ‘না, না–এটা জীবন। সবকিছু এখান থেকে ওখানে যাবে–এটা জীবনের অংশ। খেলোয়াড়েরা এরই মধ্যে ক্লাব ছেড়েছে। গুরুত্বপূর্ণ অনেক খেলোয়াড়ই ক্লাব ছেড়েছে।’
সালাহ এরপর যোগ করেন, ‘কোচও ক্লাবের জন্য অনেক গুরুত্বপূর্ণ। তিনিও ক্লাব ছাড়ছেন। একদিন আমিও ক্লাব ছাড়ব। কিন্তু ক্লপের চলে যাওয়ায় কোনো প্রভাব পড়বে না।’ বিভিন্ন সংবাদমাধ্যমের খবর, ইংলিশ প্রিমিয়ার লিগ থেকে এবার সৌদি প্রো লিগের দলগুলোর বড় লক্ষ্য সালাহ ও কেভিন ডি ব্রুইনা।
ক্লপের লিভারপুল ছাড়া ব্যাপারটি সালাহর কাছে অন্য রকমই লাগছে, ‘এটা অদ্ভুত। আমরা সাধারণত সাড়ে ১০টায় কোনো মিটিং করি না। সাড়ে ১০টায় আমাদের রিপোর্টিংয়ের সময়। তাই যখন তারা বলল, সাড়ে ১০টায় মিটিং, আমার তখন প্রশ্ন জাগে–কী?’
ক্লপের চলে যাওয়ার বিষয়ে কখন ও কীভাবে জানতে পেরেছেন–এ প্রশ্নের উত্তরে সালাহ বলেছেন, ‘ক্লপের এজেন্ট এখানে ছিল। আমি ভেবেছিলাম, তিনি চুক্তি নবায়ন করতে যাচ্ছেন। মিটিংয়ের ৫ মিনিট আগে ভার্জ (ভার্জিল ফন ডাইক) এসে আমাকে জিজ্ঞেস করল, “মিটিং কী নিয়ে জানো?” আমি বললাম, না। সে বলল, “কোচ চলে যাচ্ছেন।” আমি এটা শুনে হাসলাম। সে বলল, “সত্যিই কোচ চলে যাচ্ছে।” আমি আবার বললাম, “সত্যি? কেন?” সে এর উত্তরে বলল, “জানি না।”’
পরের ঘটনাটা সালাহ বর্ণনা করেছেন এভাবে, ‘কোচ এরপর বেরিয়ে এলেন এবং খেলোয়াড়েরা সবাই এ বিষয়ে তাঁকে জিজ্ঞাসা করতে লাগলেন। তিনিও এরপর এটা বললেন। এটা অদ্ভুত। কারণ, কেউ আগে এটা জানত না। সংবাদমাধ্যমেও কিছু আসেনি। এমনকি তিনি এ খবর শোনার জন্য আমাদের প্রস্তুতও করেননি। তিনি শুধু এটা একবারই বলেছেন। দিনটা আমাদের জন্য অদ্ভুতই ছিল। কিন্তু এটাই ফুটবল।’
কে জানে, সালাহ কোচ ক্লপের এভাবে চলে যাওয়ার বর্ণনা দিয়ে কী বোঝাতে চেয়েছেন! তাহলে কি সালাহ বলতে চাইছেন, যেতে চাইলে আগে থেকে ঢাকঢোল না পিটিয়ে হঠাৎ তিনি চলে যাবেন!

‘স্টোকসরা রোবট নন’, কুকের এমন কথায় বিস্মিত মার্ক ওয়াহ

আপনজন ডেস্ক: ভারত সফরে ইংল্যান্ড সিরিজ হেরেছে আগেও। ২০১৬ সালে অ্যালিস্টার কুকের দল ৫ ম্যাচের সিরিজ হেরেছিল ৪-০ ব্যবধানে, ২০২১ সালে জো রুটের দল ৪ ম্যাচের সিরিজ হারে ৩-১ ব্যবধানে। তবে বেন স্টোকসের দলের এবারের ৪-১ হার নিয়ে আলোচনা যেন আগের তুলনায় বেশিই ঝাঁজালো। যে ঝাঁজের বড় কারণ স্টোকসদের বাজবল ক্রিকেট।
তবে সাবেক অধিনায়ক কুক মনে করেন, সাফল্য-ব্যর্থতার আলোচনার সময় মানবীয় সামর্থ্যের সীমাবদ্ধতার কথাও ভাবতে হবে। ভারত খেলেছে নিজেদের মাঠে। কিন্তু স্টোকসদের দেশ ছেড়ে দুই মাসের জন্য বেরিয়ে যেতে হয়েছে। দীর্ঘ সময় ঘরের বাইরে থাকার প্রভাব মাঠেও পড়েছে, এমনটা বোঝাতে চেয়েছেন কুক। তবে সাবেক ইংল্যান্ড অধিনায়কের এমন মন্তব্যে বেশ অবাক মার্ক ওয়াহ। কুক এমন কিছু বলেছেন, সেটি বিশ্বাস করতেই কষ্ট হচ্ছে অস্ট্রেলিয়ার সাবেক ব্যাটসম্যানের। ভারতের মাটিতে ইংল্যান্ডের হয়ে সিরিজ জেতা সর্বশেষ অধিনায়ক কুক। ২০১২ সালে উপমহাদেশে এসে ৪ টেস্টের সিরিজ ২-১ ব্যবধানে জিতেছিল কুকের ইংল্যান্ড। পরের দুবার হারলেও এবার স্টোকসের দলকে নিয়ে আশাবাদী ছিলেন অনেকে। ২০২২ সালে ব্রেন্ডন ম্যাককালাম ও বেন স্টোকস কোচ-অধিনায়ক হিসেবে জুটি গড়ার পর ইংল্যান্ড অতি ইতিবাচক ও আক্রমণাত্মক ধারার যে ক্রিকেট খেলা শুরু করে, তা বাজবল নামে পরিচিতি পায়। বাজবলে প্রথম ১১ টেস্টের ১০টিতেই জেতে ইংল্যান্ড। তবে ভারতের মাটিতে বাজবল কতটা কার্যকর হয়, এ নিয়ে ব্যাপক কৌতূহল ছিল এবারের সিরিজ শুরুর আগে।
কিন্তু স্টোকসের দল হায়দরাবাদে জিতে সফর শুরু করলেও বিশাখাপট্টনম, রাজকোট ও রাঁচিতে টানা তিন ম্যাচে হেরে সিরিজ থেকে ছিটকে পড়ে। এরপর ধর্মশালায় পঞ্চম টেস্টে হারে ইনিংস ব্যবধানেও। শুরুটা ভালো করলেও ইংল্যান্ডের পরের দিকে এভাবে ভেঙে পড়ার পেছনে দীর্ঘ সফরের ক্লান্তির প্রভাবও আছে মনে করেন কুক। টিএনটি স্পোর্টসের অনুষ্ঠানে অংশ নিয়ে সাবেক অধিনায়ক বলেন, ‘ম্যাচের ভেতরে যে আবেগ, আমরা সেখান থেকে দূরে বসে কথা বলছি। আমরা খেলা দেখছি বাড়িতে বসে টিভিতে। আমি ইংল্যান্ডের হয়ে ঢাল ধরছি না। কিন্তু এটাও মাথায় রাখতে হবে, ওরা আট সপ্তাহ ধরে ঘরের বাইরে। এটা কঠিন একটা সফর। ওরা রোবট নয়।’
কুকের মন্তব্যটি ভালো লাগেনি মার্ক ওয়াহর। ক্রিকেট ছাড়ার পর ধারাভাষ্যকার হয়ে ওঠা সাবেক অস্ট্রেলিয়ান এক্সে কুকের মন্তব্যে বিস্ময় প্রকাশ করেন, ‘আমার বিশ্বাস হচ্ছে না, অ্যালিস্টার কুকের মুখ থেকে এসব শুনছি। আন্তর্জাতিক ক্রিকেটার হিসেবে এ কারণেই (লম্বা সফর, বাইরে অবস্থান) আপনি অনুশীলন করেন, টাকা পান। আন্তর্জাতিক ক্রিকেটার হিসেবে খেলার জন্য অন্যতম সেরা সফর এটা।’

ইয়ামালের জন্য ২০ কোটি ইউরো দিতে চায় পিএসজি, বার্সা কী করবে

আপনজন ডেস্ক: মৌসুম শেষেই পিএসজি ছাড়ছেন কিলিয়ান এমবাপ্পে। আনুষ্ঠানিক না হলেও রিয়াল মাদ্রিদের সঙ্গে তাঁর চুক্তির খবর সামনে এনেছে একাধিক ইউরোপিয়ান সংবাদমাধ্যম। এমনকি এমবাপ্পের বিকল্প খুঁজতে প্যারিসের ক্লাবটি নাকি মাঠেও নেমেছে। পিএসজির কেনাকাটার তালিকায় উঠে এসেছে বেশ কিছু নাম। সে নামগুলোর মধ্যে মোহাম্মদ সালাহ, ভিক্টর ওসিমেন এবং মার্কোস রাশফোর্ড বিশেষভাবে উল্লেখযোগ্য।
তবে অভিজ্ঞদের পাশাপাশি উদীয়মান খেলোয়াড়দের দিকেও নাকি হাত বাড়াচ্ছে পিএসজি। যে তালিকায় তাদের প্রথম পছন্দ বার্সেলোনার উইঙ্গার লামিনে ইয়ামাল। ১৬ বছর বয়সী এই কিশোরকে কেনার জন্য পিএসজি নাকি ২০ কোটি ইউরো খরচ করতে প্রস্তুত। বার্সার হয়ে অভিষেকের পর থেকে আলো ছড়াচ্ছেন ইয়ামাল। যখনই সুযোগ পাচ্ছেন, মেলে ধরছেন নিজেকে। নিজে গোল করে এবং গোলে সহায়তা করে দলের খেলাতেও রাখছেন অবদান। সর্বশেষ গত পরশু মায়োর্কার বিপক্ষেও তাঁর করা চোখধাঁধানো গোলে জিতেছে বার্সেলোনা। অভিষেকের পর থেকে বয়সের হিসাবে একাধিক রেকর্ডও ভেঙেছেন ইয়ামাল। এমন উদীয়মান খেলোয়াড়কে পেতে চাইবে যেকোনো দল। এরপরও ইয়ামালের জন্য পিএসজির ২০ কোটি ইউরো খরচ করতে চাওয়া বিস্মিত করেছে অনেককে। বিশাল অঙ্কের অর্থের বিনিময়েও ইয়ামালকে পিএসজি পাবে কি না, তা নিশ্চিত নয়। কারণ, দলের ভবিষ্যৎ এই সম্পদকে কোনোভাবেই ছাড়তে চায় না বার্সা। তাঁর পিএসজিতে যাওয়া ঠেকাতে এখন থেকেই সতর্ক তারা, এমনকি নামের পাশে ‘বিক্রয়ের জন্য নয়’ এমন অদৃশ্য ট্যাগও নাকি লাগিয়ে রেখেছে কাতালান ক্লাবটি। এ ছাড়া ১০০ কোটি ইউরোর রিলিজ ক্লজ তো আছেই। তবে বার্সার জন্য সবচেয়ে বড় স্বস্তির খবর, ইয়ামাল নিজেও নাকি এই মুহূর্তে ক্যাম্প ন্যুয়ের ক্লাবটিকে ছাড়তে চান না। ফুটবলভিত্তিক আরেক পোর্টাল ফুট মের্কাতো আবার ভিন্ন কথা বলছে। তারা জানিয়েছে, ইয়ামালকে পেতে এখনো বার্সাকে কোনো প্রস্তাব দেয়নি পিএসজি। নতুন কাউকে নেওয়ার পরিবর্তে ব্র্যাডলি বারকোলা ও উসমান দেম্বেলের মতো তারকাদের সেরাটা বের করে আনার দিকে বেশি জোর দিচ্ছে তারা। দলবদলের বাজারে অবশ্য শেষ কথা বলে কিছু নেই। সামনের দিনগুলোতেই হয়তো বিষয়টি আরও স্পষ্ট হবে। ইয়ামালের সঙ্গে বার্সার চুক্তি ২০২৬ সাল পর্যন্ত। এটি স্প্যানিশ আইন অনুযায়ী ইয়ামালের বয়সী কারও জন্য সর্বোচ্চ মেয়াদের চুক্তি। তবে ইয়ামালের সঙ্গে ২০৩০ পর্যন্ত চুক্তি ব্যাপারে ঐক্যমতে পৌঁছেছে বার্সা। ইয়ামালের বয়স ১৮ পূর্ণ হলেই নবায়ন করা হবে সেই চুক্তি।

৭ টেস্ট খেললেই ৩ কোটি

আপনজন ডেস্ক: ভারতীয় ক্রিকেটারদের টেস্ট খেলায় উৎসাহিত করতে ‘টেস্ট ক্রিকেট প্রণোদনা স্কিম’ চালুর ঘোষণা দিয়েছে ভারত ক্রিকেট বোর্ড বিসিসিআই। এই স্কিমের আওতায় বছরে ৭ টেস্ট খেললেই একজন ক্রিকেটার ৩ কোটি ১৫ লাখ রুপি বোনাস পাবেন। এর সঙ্গে প্রতিটি টেস্টের জন্য নির্ধারিত ১৫ লাখ রুপি করেও পাওয়া যাবে। আজ বিসিসিআই সচিব জয় শাহ এক টুইট বার্তায় প্রণোদনার ঘোষণা দেন। ভারতের তরুণ ক্রিকেটাররা আইপিএলকে কেন্দ্র করে টি-টোয়েন্টিতে যতটা মনোযোগী, টেস্ট খেলতে তা একদমই নন–সাম্প্রতিক সময়ে এমন আলোচনা চলছে ভারতীয় ক্রিকেটে। ঈশান কিষান, শ্রেয়াস আইয়াররা বোর্ডের নির্দেশনার পরও প্রথম শ্রেণির টুর্নামেন্ট রঞ্জি ট্রফিতে না খেলায় আলোচনাটি নতুন গতি পায়। উঠে আসে টেস্ট এবং টি-টোয়েন্টি খেলার আর্থিক সুবিধার পার্থক্যও। জয় শাহ প্রণোদনা ঘোষণার টুইট বার্তায় লিখেছেন, ক্রিকেটারদের আর্থিক প্রবৃদ্ধি এবং স্থিতিশীলতা প্রদানের লক্ষ্যে পুরুষ সিনিয়র ক্রিকেট দলের জন্য প্রণোদনা ব্যবস্থা চালু করা হচ্ছে।
ভারতীয় দল বছরে ৯টি টেস্ট খেলবে ধরে নিয়ে প্রণোদনায় তিনটি স্কিম রাখা হয়েছে। প্রথম স্কিমে আছে ৪ ম্যাচের কম বা ৫০ শতাংশের কম ম্যাচে অংশগ্রহণ। এর জন্য কোনো টাকা দেওয়া হবে না। দ্বিতীয় স্কিমে আছে ৫০ শতাংশের বেশি বা ৫-৬টি ম্যাচ খেলা।

মেসি-রোনাল্ডো-রুনি-আগুয়েরোর সন্তানেরাও প্রস্তুত আগামী রাঙাতে

আপনজন ডেস্ক: বাবার পথ ধরে ফুটবলমঞ্চে ছেলের আগমনের উদাহরণ অনেক পাওয়া যাবে। আর্লিং হলান্ডের বাবা আলফি হলান্ডও ছিলেন ফুটবলার। তবে ছেলে হলান্ড এরই মধ্যে বাবার কীর্তিকে ছাপিয়ে গেছেন। বিপরীত দৃষ্টান্তও অবশ্য কম নয়। জিনেদিন জিদান কিংবা জাস্টিন ক্লুইভার্টের ছেলেরা ঢাকা পড়েছেন বাবার সাফল্যের ছায়ায়।
বাবার পথ ধরে এখন শীর্ষ পর্যায়ে ফুটবল খেলে চলেছেন অ্যালেক্সিস ম্যাক আলিস্টার, থিয়াগো আলকান্তারা, দমিনিক সোবোসলাই এবং জোয়েল মাতিপের মতো ফুটবলাররা। একইভাবে লিওনেল মেসি, ক্রিস্টিয়ানো রোনাল্ডো কিংবা সের্হিও আগুয়েরোর সন্তানেরাও আছে উঠে আসার পথে।

মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: জাইদুল হক।
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**